

পুস্তক পরিচিতি মূল্য তালিকা





পুস্তক পরিচিতি ও মূল্য তালিকা

সংকলন ও পরিকল্পনা মুহাম্মাদ হাবীবুর রহমান খান স্বত্যাধিকারী : মাকতাবাতুল আশরাফ

> গ্রাফিক্স ডিজাইন সাইদুর রহমান

প্রকাশকাল শাবান ১৪৩৮ হিজরী মে ২০১৭ ঈসায়ী

বিশেষ দ্রষ্টব্য মুদ্রণ সামগ্রীসহ অন্যান্য জিনিষের মূল্য বৃদ্ধি বা অন্য কোনো কারণে প্রদত্ত মূল্য পরিবর্তন হতে পারে





আল্লাহর নামে শুরু, যিনি সকলের প্রতি দয়াবান, পরম দয়ালু।

সংক্ষিপ্ত পরিচিতি: লক্ষ্য ও উদ্দেশ্য

আখেরাতে বিশ্বাসী একটি জাতির নিজস্ব মূল্যবোধ থাকে। সে মূল্যবোধ হয় সুস্থ, উন্নত এবং দ্বীনকেন্দ্রিক। ধর্মকে বাদ দিয়ে জীবনের আঙ্গনায় কোনো বাগিচা নির্মাণে সে মূল্যবোধ সমতি দেয় না। দ্বীন এবং দ্বীনকেন্দ্রিক সকল কিছুই তার মূল প্রতিপাদ্য। লাদেখাবাদুল আঙ্গায়ে এমনই একটি সৌন্ধর্মণ্ডিত মূল্যবোধকে ধারণ করে ধীরে ধীরে প্রকাশনার ময়দানে এগিয়ে চলছে। প্রত্যেক মুমিনের জন্য জীবনগঠনমূলক গ্রন্থ, কুরআন-হাদীসের আলোচনা, ভাষণ, ইতিহাস, ফাযায়েল, মাসায়েল, ইসলাহ, তাসাওউফ, আত্মশুদ্ধি ও সমাজসংস্কার, সাধারণ সাহিত্য, কিশোর সাহিত্য এবং নবীজীবন, সাহাবাজীবনসহ আল্লাহওয়ালা বুযুর্গানে দ্বীনের জীবনকাহিনী, আদর্শ এবং সংশিষ্ট বহুধর্মী প্রকাশনা বাদেখাবাদুল আঙ্গায়ায় এর বিচরণক্ষেত্র।

শ্রাদেখাবাঞুল আস্মাথ বাজারের হাজার রকম বই-পত্রের ভিড়েও স্বতন্ত্র একটি বৈশিষ্ট্য নিয়ে পথ চলছে। আপনার সুস্থ দ্বীনী আবেগ ও ক্রচির এক সমন্বিত দস্তরখান শ্রাদেখাবাঞুল আস্মাথা । আপনার মধো ও মননকে আরো সজীব, সৎ, সুস্থ ও আখেরাতমুখী করতে শ্রাদেখাবাঞুল আস্মাথা -এর প্রকাশনার সাহায্য গ্রহণ করুন।

মাদেখাবাখুল আসন্মান দ্বীনী বিষয়বস্তুকে দ্বীনী মেজাযে আধুনিক আঙ্গিকে উপস্থাপনায় প্রতিশ্রুতিবদ্ধ। এই প্রতিশ্রুতিকে সামনে রেখে মাদেখাবাখুল আসন্মান দিন দিন আরো উপযোগী, আরো আকর্ষণীয় সব প্রকাশনা আরো চমৎকার সব উপহার নিয়ে আপনাদের সামনে হাজির হচ্ছে।

আমাদের পথচলা সম্পর্কে কয়েকটি কথা

আমি বাবা-মার কনিষ্ঠ সন্তান হওয়ার সুবাদে ভাই-বোন সবাই আমার বড়। স্বাভাবিকভাবেই পড়া-শোনায়ও তারা অগ্রসর ছিলেন। শুরু জীবনে স্কুলে পড়ার সময় প্রত্যেক ক্লাশেই নতুন বছরের শুরুতে সামান্য কয়েকদিনে নিজের বই একা একা পড়ে শেষ করে, বড়দের পাঠ্য ও নোটবই সবই লুকিয়ে লুকিয়ে পড়তে থাকতাম। সে সময় হতেই নতুন বইয়ের প্রতি এক ধরনের প্রবল আকর্ষণ অনুভব করতাম। এরপর একসময় মেজো ভাইয়ের শৃশুর-বাড়িতে বই-পুস্তকের বিশাল এক ভাণ্ডারের সন্ধান পেলাম। কলকাতায় তাদের সম্ভবত প্রেস ও বাইন্ডিং কারখানা ছিল। সে সুবাদে গল্প, উপন্যাস রম্যুরচনাসহ অনেক প্রকারের বই সে বাড়িতে ছিল। আমি সুযোগ পেলেই সেখানে চলে যেতাম। বাছ-বিচার ছাড়াই সব রকমের বই গিলতে থাকতাম। লেখালেখির সূচনা অবশ্য মাদরাসায় ভর্তি হওয়ার পরে হয়েছে। আর নিজের বই নিজে ছাপানোর সূচনাও ছাত্রজীবনে দেশের বাইরে হয়েছে।

জীবনের প্রথম লেখা ছাপা হয়েছিল আজ থেকে তিন যুগের বেশি সময় আগে। আশরাফাবাদ মাদরাসা নূরিয়া থেকে প্রকাশিত 'আলআশরাফ' নামক একটি বার্ষিকীতে। দৈনিক পত্রিকায় প্রথম লেখা ছাপা হয় এর কয়েক বছর পর লালবাগ মাদরাসায় পড়ার সময়, সে সময়ের বহুল প্রচারিত দৈনিক আজাদ পত্রিকার মুকুল-এর মাহফিলে। এরপর তো অনেক লেখাই অনেক দৈনিকে ছাপা হয়েছে।

পড়া-শোনা শেষে দেশে ফিরে আসার পর পরই মুহিউস সুনাহ হযরত মাওলানা শাহ্ আবরারুল হক ছাহেব রহ.-এর 'তা'লীমুস সুনাহ' শীর্ষক একটি বয়ান অনুবাদ করে যখন ছাপানোর উদ্যোগ গ্রহণ করি, তখন আমার মুরুব্বী হযরত প্রফেসর হামীদুর রহমান ছাহেব দামাত বারাকাতুহুমের সাথে পরামর্শকালে তাঁকে অনুরোধ করি, হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর নামযুক্ত করে একটি প্রকাশনীর নাম রেখে দিতে। তখন তিনি বললেন, মদীনা শরীফে মসজিদে নববীর উত্তর গেট 'বাবে মাজিদী'

দিয়ে বের হলে, দূরে উত্তর-পশ্চিম কর্নারে একটি কুতুবখানার সাইনবোর্ড দেখা যায় "মাকতাবাতুল ঈমান", তুমি তোমার প্রকাশনীর নাম রাখতে পার "মাকতাবাতুল আশরাফ"। ১৪১৬ হিজরীর রবিউস সানী মাসে আমার মুক্তবীর এ প্রস্তাবনা থেকেই আমাদের প্রতিষ্ঠানের নাম মাকতাবাতুল আশরাফ রাখা হয়।

প্রথম দিকে কোথায়ও আমাদের কোনো নিজস্ব বিক্রয়কেন্দ্র ছিল না। বাসার ঠিকানায় বই প্রকাশ করে, বিভিন্ন লাইব্রেরিতে বিক্রির জন্য দেওয়া হতো। অধিকাংশ লাইব্রেরি থেকে পাওনা টাকা পরিশোধ করার ক্ষেত্রে খুব গড়িমসি করত। আমাদের পুরোনো হিসাবের খাতায় যে সকল ব্যক্তি ও লাইব্রেরির নিকট টাকা পাওনার কথা লেখা আছে, তাদের মধ্যে এমনও কয়েকজন আছেন যাদের পরবর্তীতে খুঁজে পাওয়া যায়নি। তাদের কেউ হয়তো ব্যবসা গুটিয়ে চলে গেছেন। আবার কেউ কেউ দুনিয়া থেকেই বিদায় নিয়েছেন।

এরপর আমাদের একজন আলেম-প্রকাশক বন্ধুর পীড়াপীড়িতে ২০০০ ঈসায়ী সনের জুন মাসের ২৭ তারিখে, ৫০, বাংলাবাজারস্থ পাঠকবন্ধু মার্কেটের আন্ডার গ্রাউন্ডে নিজস্ব একটি বিক্রয়কেন্দ্র খোলা হয়। সেখানে আমরা পাঁচ বছর ব্যবসা পরিচালনা করি। এরপর ২০০৫ সালের মে মাসের ২৩ তারিখে আমাদের কয়েকজন হিতাকাঙ্কীর অনুরোধে ইসলামী টাওয়ারের নির্মাণকাজ চলাকালে এখানে স্থানান্তরিত হই। আলহামদুলিল্লাহ! আমরা এখন ইসলামী টাওয়ারের অন্যান্য লাইব্রেরিমালিক ও কর্মচারীদের ভালোবাসা নিয়ে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সুন্দরভাবে দ্বীনপ্রচারের কাজ করতে পারছি।

ইসলামী টাওয়ার কেবল সমগ্র বাংলাদেশেই ইসলামী বই-পত্রের মার্কেট হিসেবে পরিচিত নয়, বরং সমগ্র মুসলিমবিশ্বেই এ মার্কেটের পরিচিতি রয়েছে। আল্লাহ পাক এ মার্কেটসংশ্লিষ্ট সবাইকে কবুল করুন এবং এখান থেকে কেয়ামত পর্যন্ত দ্বীনপ্রচারের কাজ নিন। আমীন।

মাকতাবাতুল আশরাফ কেন্দ্রিক আমাদের কিছু স্বপ্ন আছে। সে সকল স্বপ্ন বাস্তবায়নের জন্য আমরা সকলের দু'আ চাই। বিশেষত হাকীমুল উন্মত হযরত থানভী রহ.-এর রচনাভাণ্ডার হতে সাধারণ মানুষের উপযোগী রচনাসমূহ, মালফুযাত-এর ত্রিশ খণ্ড, খুতুবাত-এর ব্রিশ খণ্ডের অনুবাদ করে তা পাঠকসমাজের হাতে পৌছে দেওয়া। এবং সাধারণ মানুষের উপযোগী দৈনন্দিন প্রয়োজনীয় মাসয়ালা-মাসায়েল-এর একটি প্রামাণিক বৃহৎ সংকলন যা ন্যূনতম দশ খণ্ডের হবে, প্রকাশ করার স্বপ্ন দেখছি। আরো একটি বড় স্বপ্ন আছে, আর তা হলো, কলজেছেঁচা খুন, হৃদয়নিংড়ানো ভক্তি-ভালোবাসা ও গভীর নিশিতে মুনাজাতে অশ্রুজড়ানো চোখের অধিকারী কোনো আল্লাহওয়ালার কলমের 'শাহকার' হিসাবে স্বীকৃতিলাভের পরিপূর্ণ অবয়ব নিয়ে রচিত অনন্য ও নির্ভরযোগ্য একখানা সীরাতগ্রন্থ (যা হবে সার্বিক অর্থেই প্রামাণিক ও আধুনিক) প্রকাশ করা, যে স্বপ্ন আমাকে ব্যাকুল করে রেখেছে। এ কাজগুলো সুন্দরভাবে আঞ্জাম দেওয়ার জন্য আমরা ইসলামী টাওয়ারের চতুর্থ তলায় একটি 'দাক্রত তাসনীফ' প্রতিষ্ঠা করেছি। আল্লাহ পাক আমাদের সকল ভুল-ক্রটি ক্ষমা করে এ সকল প্রচেষ্টাকে কবুল ককন। আমাদের দ্বারা তাঁর দ্বীনের খেদমত কবুল ককন। এ দু'আ আমরা নিজেরাও করছি এবং সকলের নিকট এ দু'আ বিনীতভাবে কামনা করছি।

আল্লাহ পাক আমাদের সবাইকে তাঁর সম্ভুষ্টির পথে চালান। এ জীবনে হায়াতে তাইয়্যেবা এবং পরকালে জান্নাত দান করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

তারিখ ২৭ রজব ১৪৩৮ হিজরী ২৪ এপ্রিল ২০১৭ ঈসায়ী

রাত ১১: ৪৫ মিনিট

বিনীত

মুহাম্মাদ হাবীবুর রহমান খান

স্বত্বাধিকারী: মাকতাবাতুল আশরাফ

ইসলামী টাওয়ার, চতুর্থ তলা, ১১ বাংলাবাজার, ঢাকা

ই-মেইল: habibkhan.dhaka@gmail.com



তাফসীরে তাওযীহুল কুরআন (১-৩ খণ্ড)

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
অনুবাদ: মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম
পৃষ্ঠা: ৬৪০ (১ম খণ্ড), ৬০৮ (২য় খণ্ড), ৬৯৬ (তৃতীয় খণ্ড)
মুদ্রিত মূল্য: ২,১৩০.০০ টাকা মাত্র (অফসেট পেপার, পূর্ণসেট)
বর্তমান ছাড়মূল্য ৯০০/= (নয়শত টাকা মাত্র)



তাফসীরে তাওযীহুল কুরআন (সমগ্র)

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ১৩২০

মুদ্রিত মূল্য: ১৪০০.০০ টাকা মাত্র

বৰ্তমান ছাড়মূল্য ৭০০/= (সাতশত টাকা মাত্ৰ)

প্রথম খণ্ড সূরা ফাতেহা হতে সূরা তাওবা। দ্বিতীয় খণ্ড সূরা ইউনূস হতে সূরা আনকাবুত। তৃতীয় খণ্ড সূরা রূম হতে সূরা নাস।

আয়াতুল কুরআনের সহজ-সরল, সাবলীল ও নিকটতম অনুবাদ, সংক্ষিপ্ত সারগর্ভ ব্যাখ্যা, প্রয়োজনীয় শানে নৃযূল ও সংশ্লিষ্ট মাসআলা-মাসায়েল সম্বলিত সর্বাধুনিক এ তাফসীরগ্রন্থখানি অতি যত্নে বিদগ্ধ উলামায়ে কেরামের সতর্ক প্রুফ সংশোধনসহ উন্নত কাগজ, ঝকঝকে ছাপা, মজবুত বাঁধাই ও আকর্ষণীয় প্রচ্ছদে প্রকাশিত হয়েছে।

উলামা-তালাবা, ইমাম-খতীব এবং ওয়ায়েযে ও সাধারণ শিক্ষিত মুসলমানদের মধ্যে সাম্প্রতিককালের সর্বাধিক বিক্রিত ও ব্যাপক সাড়া জাগানো এই তাফসীরগ্রন্থটি এখন পাওয়া যাচ্ছে দেশের সকল সম্রান্ত ইসলামী পুস্তকালয়ে অতি সুলভ মূল্যে। কুরআনপ্রেমীদের সংগ্রহে রাখার মতো এই তাফসীরগ্রন্থ ইনশাআল্লাহ আপনাকে দান করবে কুরআনের নূর।

বিশেষত প্রথম খণ্ডের শুরুতে মারকাযুদ দাওয়াহ্ আল ইসলামিয়া ঢাকা-এর আমীনুত তা'লীম মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক ছাহেব দামাত বারাকাতুহুম কর্তৃক লিখিত দুটি ভূমিকা প্রথমটির শিরোনাম হলো, 'কুরআনুল কারীমের কতিপয় হক ও আদব' এবং দ্বিতীয়টির শিরোনাম হলো, "কুরআন বোঝার চেষ্টা : কিছু নিয়মকানুন"] এবং "ওহী কী ও কেন?" শীর্ষক মূল লেখকের একটি চমৎকার লেখা, যাতে ওহীর প্রয়োজনীয়তা, ওহী নাযিলের পদ্ধতি, কুরআন নাযিলের তারিখ, সর্বপ্রথম অবতীর্ণ আয়াত, মক্কী ও মাদানী আয়াত, পর্যায়ক্রমিক অবতরণ, শানে নুযূল, কুরআন সংরক্ষণের ইতিহাস, ওহী লিপিবদ্ধকরণ, কুরআন সংকলন, হিযব, মন্যিল, পারা বা জুয, রুকু, ওয়াক্ফ, তাফসীরশাস্ত্র, তাফসীর সম্বন্ধে বিভ্রান্তি ইত্যাদি অতি প্রয়োজনীয় সব আলোচনা সংক্ষেপে করা হয়েছে। সর্বোপরি প্রায় অধিকাংশ সূরার শুরুতে "পরিচিতি" শিরোনামে অতি মূল্যবান আলোচনা এমনভাবে করা হয়েছে যে, এতে সূরার বিষয়বস্তুর সার-সংক্ষেপ এসে গেছে।

বর্তমানে এ তাফসীরগ্রন্থ দুটি সাইজে পাওয়া যাচছে। ভিন্ন তিন খণ্ডে। যার মুদ্রিত মূল্য ২,১৩০/= (দুই হাজার একশত ত্রিশ টাকা)। কিন্তু এখন বিশেষ ছাড়মূল্যে মাত্র ৯০০/= (নয়শত টাকায়) সংগ্রহ করতে পারেন।

বড় সাইজের এক খণ্ডে (প্রায়) ১৩২০ পৃষ্ঠা। যার মুদ্রিত মূল্য ১৪০০/= (এক হাজার চারশত টাকা) কিন্তু এখন বিশেষ ছাড়মূল্যে মাত্র ৭০০/= (সাতশত টাকায়) পাওয়া যাচ্ছে। আপনার কপি আজই সংগ্রহ করুন।





ওহী কী ও কেন?

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ৩২

মূল্য: ৫০.০০ টাকা মাত্র

প্রতিটি মুসলিম জানেন আল্লাহ তাআলা মানুষকে এ পৃথিবীতে পরীক্ষার জন্য পাঠিয়েছেন। সে লক্ষ্যে তিনি তার প্রতি কিছু দায়িত্ব-কর্তব্য ন্যস্ত করেছেন এবং সমগ্র সৃষ্টিকে তার সেবায় নিয়োজিত করেছেন। অতএব পৃথিবীতে আসার পর মানুষের জন্য দুটি কাজ অপরিহার্য

হয়ে দাঁড়িয়েছে। এক তো এই যে, সে এই জগৎ এবং এতে সৃষ্ট বস্তুরাজি দ্বারা যথাযথ কাজ নেবে আর দ্বিতীয় এই যে, সৃষ্টিজগতের বস্তুনিচয়কে ব্যবহার করার সময় আল্লাহ তাআলার হুকুম-আহকামকে সামনে রাখবে এবং এমন সব কাজ পরিহার করে চলবে, যা আল্লাহ তাআলার পসন্দ নয়।

মানুষের জন্য অপরিহার্য এই যে দুটি কাজের কথা বলা হলো, এর জন্য তার 'ইলম' প্রয়োজন। কেননা সে যতক্ষণ পর্যন্ত না জানবে এই সৃষ্টিজগতের হাকীকত কী, এর কোন বস্তুর কী বৈশিষ্ট্য এবং এর দ্বারা কীভাবে উপকার গ্রহণ সম্ভব, ততক্ষণ পর্যন্ত জগতের কোনও একটি জিনিসকেও সে নিজ কাজে ব্যবহার করতে পারবে না। এমনিভাবে সে যতক্ষণ পর্যন্ত জানতে না পারবে, আল্লাহ তাআলার মর্জি কী এবং তিনি কোন কাজ পসন্দ ও কোন কাজ অপসন্দ করেন, ততক্ষণ পর্যন্ত তার পক্ষে আল্লাহ তাআলার মর্জি মোতাবেক জীবন যাপন করা সম্ভব নয়।

আর এ বিষয়টি একমাত্র ওহীর মাধ্যমেই জানা সম্ভব। তাই যুগে যুগে আল্লাহ পাক মানুষের হেদায়েতের জন্য যেরূপভাবে অনেক নবী-রাসূল প্রেরণ করেছেন, তদ্দপ তাঁদের বিভিন্নজনের উপরে বিভিন্ন প্রত্যাদেশ নাযিল করে স্বীয় বিধানও তাঁদের জানিয়ে দিয়েছেন। আর এটাকেই ওহী বলা হয়। আমাদের প্রকাশিত 'ওহী কী ও কেন?' ওহীর পরিচয় সম্পর্কিত একটি পুস্তিকা।



আল কুরআনুল কারীম : কতিপয় হক ও আদব এবং অধ্যয়নের পথ ও পন্থা

রচনা : মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক

আমীনুত তা'লীম: মারকাযুদ দাওয়াহ্ আলইসলামিয়া ঢাকা

পৃষ্ঠা : ৩২


মূল্য: ৫০.০০ টাকা মাত্র

এ পুস্তিকাটি মূলত হযরত মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক ছাহেব দামাত বারাকতুহুম-এর দুটি লেখার সমন্বিত রূপ। প্রথম লেখাটি তাফসীরে তাওযীহুল

কুরআনের প্রথম খণ্ডের ভূমিকারূপে লেখা হয়েছিল। যাতে কুরআন তিলাওয়াতের গুরুত্ব ও কুরআনুল কারীমের হকসমূহ হতে গুরুত্বপূর্ণ কয়েকটি হক নিয়ে আলোচনা করা হয়েছে। দ্বিতীয় লেখাটি "কুরআন বোঝার চেষ্টা : কিছু নিয়ম-কানুন"। এখন এ দুটি লেখাকে পুস্তিকা আকারে প্রকাশকালে আমরা এর নামকরণ করেছি "আল কুরআনুল কারীম : কতিপয় হক ও আদব এবং অধ্যয়নের পথ ও পস্থা"।

আলহামদুলিল্লাহ! কলেবরে ছোট হলেও কুরআনুল কারীমের হকসমূহ ও কুরআন বোঝার সঠিক পদ্ধতি ও কুরআনের বিধানের উপর আমলের উপায় সম্পর্কে রাহনুমায়ী করার সাথে সাথে এ বিষয়ে যে সকল ভ্রান্তির শিকার হয়ে মানুষ হেদায়েতের পরিবর্তে গোমরাহীর প্রসার ঘটায় তাও চিহ্নিত করে তার প্রতিকার বলে দেওয়া হয়েছে।

এ কিতাবটি উলামায়ে কেরাম, তালাবায়ে ইযাম, খতীব ছাহেবান, ইমাম ছাহেবান, ওয়ায়েজীনসহ সকল শ্রেণীর কুরআনী ইলমের প্রতি আগ্রহী ব্যক্তিবর্গের জন্য উপযুক্ত উপহার হিসেবে বিবেচিত হবে ইনশাআল্লাহ্।



নূরানী কায়েদাহ

মূল: মৌলবী নূর মুহাম্মাদ ছাহেব লুধুয়ানভী রহ. সম্পাদনা ও পরিমার্জন: মুহিউস্ সুন্নাহ্ হযরত মাওলানা

শাহ আবরারুল হক ছাহেব রহ.

পৃষ্ঠা : ৫৬

মূল্য: ৩০ টাকা মাত্র

যে কায়দাটি বহুকাল পূর্বে সর্বপ্রথম মৌলবী নূর মুহাম্মাদ ছাহেব লুধুয়ানভী রহ. সংকলন করেছেন।

পরবর্তীতে মুহিউস্ সুনাহ হযরত মাওলানা শাহ

আবরারুল হক ছাহেব রহ.-এর তত্ত্বাবধানে অনেক অর্থ ব্যয় করে, অনেক উপকারী বিষয় সংযোজন করে পুনরায় নতুনভাবে সংকলন করা হয়েছে। যা শিশুদের খুব সহজে কুরআনুল কারীম পাঠের উপযোগী করে গড়ে তোলে।



আলফিয়াতুল হাদীস (মতন–মূলপাঠ)

সংকলন: মাওলানা মুহাম্মাদ মনযুর নোমানী রহ.

পষ্ঠা : ২৪৮

মূল্য: ১৯০.০০ টাকা মাত্র

জগিদ্বিখ্যাত আলেমে দ্বীন ও দাঈ হযরত মাওলানা মুহাম্মাদ মনযুর নোমানী রহ.-এর অপূর্ব এক হাদীস সংকলন। যাতে এক সহস্র সহীহ হাদীস সূত্রসহ ফিকহী আবওয়াব-এর তারতীবে সংকলিত হয়েছে। যা ফিক্হে হানাফীর অন্যতম দলীল ভাণ্ডাররূপে বিবেচিত হয়ে আসছে এবং উপমহাদেশের অধিকাংশ কওমী মাদরাসার

পাঠ্যতালিকাভুক্ত হয়ে উলামা ও তলাবাদের মধ্যে ব্যাপক পাঠকপ্রিয়তা লাভ করেছে। আমরা এ কিতাব তাহকীক. তা'লীক ও তাখরীজসহ প্রকাশ করেছি।



ছোটদের সহীহ হাদীস শিক্ষা হাদীসের আলো

সংকলন: শাইখ মুহিউদ্দীন মুহাম্মাদ আওয়ামা (মদীনা মুনাওয়ারাহ)

অনুবাদ: মাওলানা হেদায়েতুল্লাহ

সম্পাদনা : মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক

পৃষ্ঠা : ১৮৪

মূল্য: ১৮০.০০ টাকা মাত্র

প্রাথমিক স্তরে শিক্ষারত মুসলিম শিশুদের কুরআন হিফয করার সাথে সাথে হিফযে হাদীসের জন্য রচিত সহীহ

হাদীসের একটি নির্বাচিত সংকলন। এতে স্থান পেয়েছে তিন শতাধিক সহীহ হাদীস। উদ্ধৃতি ও অনুবাদসহ কিতাবটি অফসেট পেপারে আকর্ষণীয় প্রচ্ছদে মজবুত বাঁধাইসহ প্রকাশিত হয়েছে। যা ইতোমধ্যেই এ দেশের শীর্ষস্থানীয় বহু দ্বীনী মাদরাসার পাঠ্যতালিকাভুক্ত হয়েছে।

হিফয়ে নুসূস

ইসলামে দলীল-প্রমাণের গুরুত্ব অপরিসীম এবং দলীলবিহীন যে কোনো বিষয় ইসলামের দৃষ্টিতে ভিত্তিহীন। দ্বীন ও শরীয়তের সকল বিষয় দলীল দ্বারা প্রমাণিত। এখানে আন্দাজ-অনুমানের কোনো স্থান নেই।

জাগতিক বিষয়েও ইসলামের বিধান:

(তরজমা) যে বিষয়ে তোমার কোনো জ্ঞান নেই তার পেছনে পড়ো না। নিশ্চয় কান, চোখ ও হৃদয় প্রত্যেকটি সম্পর্কে কৈফিয়ত তলব করা হবে। –সুরা ইসরা: ৩৬

(তরজমা) কোনো ব্যক্তি মিথ্যাবাদী হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে যা শোনে সব বর্ণনা করে। –সহীহ মুসলিম (মুকাদ্দিমা) : ৫

পারিবারিক ও সামাজিক বিষয়ে ইসলামের আদেশ:

(তরজমা) হে মুমিনগণ! তোমরা অনেক ধারণা পরিহার করো। কারণ কোনো কোনো ধারণা পাপ...। –সূরা হুজুরাত : ১২ [সূত্র : হাদীসের আলো, পৃষ্ঠা : ২৭-২৮]





হাকীমূল উন্মত হযরত থানভী রহ. কর্তৃক রচিত প্রায় এক সহস্র কিতাব হতে নির্বাচিত এগারখানা কিতাবের সমষ্টি

ইসলাহী নেসাব

মূল: হাকীমূল উন্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৯২৮

মূল্য: ৬৪০.০০ টাকা মাত্র

হযরত থানভী রহ. রচিত প্রায় এক সহস্র কিতাব হতে অতি বিচক্ষণতার সাথে হযরত রহ.-এর আস্থাভাজন খলীফা ডা. আব্দুল হাই আরেফী রহ. কর্তৃক নির্বাচিত

এবং অন্যান্য প্রায় সকল খলীফা কর্তৃক সমর্থিত ও নিজ নিজ মুরীদদের জন্য নির্দেশিত এগারখানা কিতাবের সমষ্টি, যা আল্লাহর পথের পথিকদের পাথেয় হিসেবে বিবেচিত। সকল মুসলমানেরই তা পাঠ করা উচিত। যাতে করে দ্বীনী বিষয়ে অজ্ঞতার অবসান হয় এবং অতি প্রয়োজনীয় বিষয় সম্পর্কে জেনে তা যথাযথ মেনে চলে আল্লাহ পাকের সম্ভুষ্টি লাভ হয়। সাথে সাথে সুন্নাহ অনুসরণের নামে যাতে বিদ'আতে লিপ্ত না হয় এবং পুণ্য অর্জনের দোহাই দিয়ে পাপে ডুবে না যায়। এ সকল কিতাব কেবল একবার পাঠ করার জন্য নয়। বরং বারবার পাঠ করে ঈমান-আমলে মজবুত হওয়ার চেষ্টা করা উচিত।

গোনাহের চিকিৎসা

হযরত থানভী রহ. বলেন, কুদৃষ্টির চিকিৎসা এই যে, আল্লাহওয়ালাগণের জীবনী নিয়মিতভাবে পড়বে এবং কোনো একসময় নির্জনে বসে গোনাহের যে সমস্ত শাস্তি ও ধমকির কথা কুরআন-হাদীসে বর্ণিত হয়েছে সেগুলো নিয়ে চিন্তা-ফিকির করবে। গোনাহের ওয়াসওয়াসা জাগলেও নতুন করে এসবের কথা চিন্তা করবে। তাহলে ইনশাআল্লাহু তা'আলা মনের এ চাহিদা চলে যাবে। এরপরও যদি হালকা চাহিদা থাকে, তাহলে হিম্মত করে এর মোকাবেলা করবে। হিম্মত না করলে কোনো তদবিরই যথেষ্ট নয়। (কামালাতে আশ্রাফিয়া: ৬২ পৃষ্ঠা)



হাকীমুল উন্মতের শ্রেষ্ঠ রচনা হায়াতুল মুসলিমীন আদর্শ মুসলিম জীবন

মূল: হাকীমূল উন্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ২৫৬

মূল্য: ২৪০.০০ টাকা মাত্র

হাকীমুল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. প্রায় এক সহস্র কিতাব রচনা

করেছেন। তাঁর সকল কিতাব উন্মতের রহানী রোগের ব্যবস্থাপত্র। সেই ব্যবস্থাপত্র অনুযায়ী আমল করে যুগ যুগ ধরে মুসলমানগণ উপকৃত হয়েছেন। কিন্তু হযরত-রচিত 'হায়াতুল মুসলিমীন' সম্পর্কে স্বয়ং হযরত রহ. যে কথা বলেছেন তা আর অন্য কিতাব সম্পর্কে শোনা যায়নি। হযরত রহ. বলতেন, "আমার নিজের রচনা সম্পর্কে এ খেয়াল হয় না যে তা আমার নাজাতের উপায় হবে। অবশ্য হায়াতুল মুসলিমীন সম্পর্কে আমার প্রবল ধারণা যে এ কিতাব দ্বারা আমার নাজাত হয়ে যাবে। আমি এ কিতাবকে আমার সমগ্র জীবনের কামাই এবং পুঁজি মনে করি। কিন্তু লোকেরা এ কিতাবটি উর্দু ভাষায় রচিত বলে মূল্যায়ন করে না। এ কিতাবের প্রকৃত মূল্যায়ন ঐ সকল আলেম করতে পারবেন যাঁরা হাদীস শরীফ পড়ান। তাঁরা লক্ষ করবেন যে, সামান্য কথায় কত বিরাট বিরাট প্রশ্ন ও সমস্যার সমাধান কত সহজে করা হয়েছে... এ কিতাব তো কেবল ঐ সকল আমলের সূচিপত্র যা দ্বারা নিশ্চিতভাবে দুনিয়াবী ও দ্বীনী সফলতা অর্জিত হবে। (ফ্রয়ানে তাসানীফে হাকীমুল উন্মত, ডা. আবদুল হাই আরেফী রহ., পৃ. ১৪২-১৪৩)

এ ছাড়া হযরত থানভী রহ.-এর প্রায় সকল খলীফাই তাদের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গকে এ কিতাব নিয়মিত পাঠ করার ব্যাপারে কঠোরভাবে তাকীদ করতেন। মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক ছাহেব রহ.-এর খেদমতে আগত সালেকীনদেরকে তো এ কিতাব পাঠ্য তালিকাভুক্ত কিতাবের ন্যায় প্রতিদিন নির্ধারিত ঘণ্টায় সবকে সবকে পড়ানো হতো।



জাযাউল 'আমাল–আমলের প্রতিদান

মূল: হাকীমূল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

शृष्ठी : ४०

মূল্য: ১১০.০০ টাকা মাত্র

বর্তমানে আল্লাহর হুকুম পালনে অলসতা ও উদাসীনতা এবং পাপ কাজে লিপ্ততা ও নির্ভীকতার যে অবস্থা আমাদের মধ্যে বিরাজ করছে, তা বলার অপেক্ষা রাখে না। গভীরভাবে চিন্তা-ভাবনা করে এর বড় কারণ এই

বুঝে এসেছে যে, নেক ও বদ আমলের ফলাফল শুধু আখিরাতে পাওয়া যাবে মনে করা হয়। এ বিষয়ে মোটেও খবর নেই যে, দুনিয়াতেও এর কিছু শুভ-অশুভ প্রতিক্রিয়া হয়ে থাকে।

এ বিষয়টিই হাকীমূল উদ্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. জাযাউল আ'মাল তথা আমলের প্রতিদান নামক গ্রন্থে সুন্দরভাবে উপস্থাপন করেছেন।

কাজের আগ্রহ সৃষ্টির উপকরণসমূহ ক্ষমতাভুক্ত

হযরত থানভী রহ. বলেন, কাজের আগ্রহ নিঃসন্দেহে আল্লাহপ্রদন্ত একটি জিনিস, তবে নিজের মধ্যে আগ্রহ সৃষ্টি করার কিছু উপকরণ মানুষের ক্ষমতাধীন। কারো মধ্যে যদি খোদাপ্রদন্ত অনুরাগ না থাকে, তাহলে তার কিছু উপকরণ অবলম্বন করে নিজের মধ্যে আগ্রহ সৃষ্টি করবে। সে ক্ষেত্রেও আগ্রহ আল্লাহপ্রদন্তই হবে। কিন্তু আল্লাহ তা'আলা বান্দাকে দান করার জন্যে এমন কিছু উপকরণ দিয়েছেন, যা মানুষ নিজ চেষ্টায় অর্জন করতে পারে এবং সেগুলো অবলম্বন করলে তিনি দান করে থাকেন। উদ্দেশ্য হলো, আল্লাহর দান পাওয়া। সে দান আপনা-আপনিই লাভ হোক বা তোমার চেষ্টার মাধ্যমে লাভ হোক, উভয়টি সমান। কারণ, উদ্দেশ্য তো লাভ হলো। (কামালাতে আশরাফিয়া: ৭০)



হুকুকুল ইসলাম–ইসলামের হকসমূহ

মূল: হাকীমূল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ২৪

মূল্য: ৪০.০০ টাকা মাত্র

হাকীমুল উন্মত মুজাদ্দিদুল মিল্লাত হ্যরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. প্রায় এক সহস্র কিতাব রচনা করেছেন। তাঁর সকল কিতাব উন্মতের রহানী রোগের ব্যবস্থাপত্র। সেই ব্যবস্থাপত্র অনুযায়ী আমল করে যুগ যুগ ধরে মুসলমানগণ উপকৃত হয়েছেন।

হ্যরত রহ.-এর একটি ক্ষুদ্র পুস্তিকা "হুকুকুল ইসলাম : ইসলামের হকসমূহ" যে পুস্তিকা রচনাপ্রসঙ্গে হ্যরত রহ. নিজেই লিখেছেন—

হামদ ও সালাতের পর স্পষ্টভাবে জানা উচিত যে, কুরআন-হাদীস ও যুক্তি-প্রমাণের নিরিখে একথা প্রমাণিত যে, আমাদের নিকট থেকে কিছু হক ও অধিকার দাবি করা হয়েছে। তার মধ্যে কিছু হক আল্লাহ তাআলার, আর কিছু হক বান্দার। বান্দার হকসমূহের মধ্যে কিছু আছে দ্বীন-সংক্রান্ত, আর কিছু আছে দুনিয়া-সংক্রান্ত। দুনিয়া-সংক্রান্ত হকসমূহের মধ্যে কিছু আছে আত্মীয়-স্বজনের, আর কিছু আছে অনাত্মীয়ের, কিছু আছে বিশেষ লোকদের, আর কিছু আছে সাধারণ মুসলমানের। কিছু নিজের থেকে বড়দের, কিছু ছোটদের আর কিছু সমকক্ষদের। এভাবে আরো বহু প্রকারের হক ও অধিকার রয়েছে।

অজ্ঞতার কারণে বেশির ভাগ মানুষের কতিপয় হক সম্পর্কে অবগতিও নেই, আর কিছু লোকের আমল খারাপ হওয়ার কারণে এগুলো আদায় করার প্রতি কোনো গুরুত্ব নেই।

তাই এ বিষয়ে ছোট একটি পুস্তিকা সংকলনের বাসনা মনে জাগল এবং এতে মানুষের উপকার হবে বলে আশা হলো। এ বিষয়ে কাজী সানাউল্লাহ ছাহেব রহ.-এর পুস্তিকা 'হাকীকাতুল ইসলাম'—যার উদ্ধৃতি অধম 'ফুরুউল ঈমান'-এ দিয়েছি—পূর্ণাঙ্গ ও যথেষ্ট ছিল, তাই এ পুস্তিকারই সারসংক্ষেপ তুলে ধরা যথেষ্ট মনে করা হয়েছে। তবে প্রয়োজনীয় কোনো কোনো ক্ষেত্রে কিছু কিছু বিষয় বাড়ানো হয়েছে। এখন আল্লাহর নামে আরম্ভ করছি। এ পুস্তিকার নামকরণ করছি 'হুকুকুল ইসলাম'। এতে কয়েকটি অনুচ্ছেদ রয়েছে এবং প্রত্যেক অনুচ্ছেদে একটি একটি হকের বর্ণনা রয়েছে।





হুকুকুল ওয়ালিদাইন-বাবা-মার হকসমূহ

মূল: হাকীমূল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৩২


মূল্য: ৪০.০০ টাকা মাত্র

হযরত হাকীমুল উন্মত মুজাদ্দিদুল মিল্লাত মাওলানা আশরাফ আলী থানভী রহ. প্রায় এক সহস্র কিতাব রচনা করেছেন। তাঁর সকল কিতাব উন্মতের রহানী রোগের ব্যবস্থাপত্র। সেই ব্যবস্থাপত্র অনুযায়ী আমল করে যুগ যুগ ধরে মুসলমানগণ উপকৃত হয়েছেন। হযরত রহ.-এর একটি ক্ষুদ্র পুস্তিকার নাম "হুকুকুল ওয়ালিদাইন: বাবা-মার হকসমূহ". এ কিতাবের ভূমিকায় হযরত রহ. লিখেছেন.

দীর্ঘদিন ধরে দেখে আসছি যে, কিছু কিছু মুসলমান ভাই মা-বাবার হক আদায়ের ক্ষেত্রে এ পরিমাণ বাড়াবাড়ি ও অতিরঞ্জন করে যে, তাতে অন্য হকদারদের হক নষ্ট হয়ে যায়। ফলে মহান আল্লাহর নাফরমানী হয়ে থাকে। অধিকম্ভ তারা এ আচরণকে উত্তম বলে গণ্য করে। তারা বলে যে, ইসলাম আমাদের মা-বাবার আনুগত্য এভাবেই শিখিয়েছে। উপরম্ভ নিজেদের বক্রবুদ্ধি অনুপাতে কুরআনের আয়াত এবং হাদীসসমূহ পেশ করে থাকে। তাদের এ অশালীন আচরণ দেখে মন ব্যথিত হয়। এখন মহান আল্লাহর অনুগ্রহে এ বিষয়ে একটি পুস্তিকা লেখার ইচ্ছা করেছি। রাহমান ও রাহীম দয়ালু ও প্রিয় প্রভুর সমীপে পুস্তিকাটি সমাপনের জন্য এবং সঠিক পথ প্রাপ্তির জন্য দু'আ করছি। আল্লাহ তাআলা যেন সঠিক পত্থায় পুস্তিকাটিকে পূর্ণতা দান করেন। পুস্তিকার শেষভাগে একটি পরিশিষ্ট যোগ করা হবে। তাতে স্বামীর হক এবং উস্তাদের হকের ক্ষেত্রে অতিরঞ্জনের আলোচনা করে সত্য বিষয়িত স্পষ্ট করে দেওয়া হবে। উপরোক্ত বিষয়সমূহই পুস্তিকার মূল বিষয়় তবে প্রসঙ্গত অন্যান্য বিষয়ও আলোচনা করা হবে।

খুব গুরুত্বসহকারে এবং স্পষ্টভাবে বোঝা এবং মনে রাখা উচিত যে, আমাদের আল্লাহ তাআলা তাঁর আনুগত্যের জন্য সৃষ্টি করেছেন। সেই মহান স্রষ্টার আনুগত্যই আমাদের মূল এবং প্রধান দায়িত্ব। অন্যান্য যাদের আনুগত্য আল্লাহ তাআলা আমাদের দায়িত্বে অর্পণ করেছেন, সেগুলো দ্বিতীয় স্তরের এবং পরোক্ষ উদ্দেশ্য। বলাবাহুল্য যে, মূল ও প্রধান কর্তব্য সর্বদা পরোক্ষ ও শাখা কর্তব্যের উপর অগ্রগণ্য হয়ে থাকে। পরোক্ষ ও শাখার আনুগত্য দ্বারা যদি মূল ও প্রত্যক্ষ কর্তব্যে ক্রটি হয়, তাহলে সে আনুগত্য ভর্ৎসনাযোগ্য ও নাজায়েয হবে। একথা কুরআন-হাদীস, যুক্তি-বুদ্ধি ও প্রচলিত নিয়ম সবকিছুর আলোকেই প্রমাণিত। অন্যথায় মূল শাখায় এবং শাখা মূলে পরিববির্তত হয়ে যাবে। যা উল্টো পথে চলার নামান্তর। এটা অবান্তর ও বিপথগামিতা।

তাই এ মূলনীতি সামনে রেখে কুরআন, হাদীস ইত্যাদি দ্বারা মূল বিষয় প্রমাণিত করছি। খুব ভালোভাবে বুঝুন। ইনশাআল্লাহ এ পুস্তিকা বিশেষ ও সাধারণ সর্বস্তরের লোকের ভ্রান্তি দূর করবে।



তা'লীমুদ দ্বীন-দ্বীন শিক্ষা

মূল: হাকীমূল উদ্মত হ্যরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ১৬৮

মূল্য: ১৬০.০০ টাকা মাত্র

'তা'লীমুদ দ্বীন' হযরত থানভী রহ. রচিত অপূর্ব এক কিতাব। হাদীসের গ্রন্থসমূহের বিষয়-তালিকা উল্টিয়ে দেখলে যেখানে 'কিতাবুল ঈমান' (ঈমানের আলোচনা) 'কিতাবুস সালাত' (নামাযের আলোচনা) 'কিতাবুয যাকাত' (যাকাতের আলোচনা) দৃষ্টিগোচর হবে, তার নিচেই

'কিতাবুল বুয়ু' (বেচা-কেনার আলোচনা) 'কিতাবুল নিকাহ' (বিবাহের আলোচনা) 'কিতাবুত তালাক' (তালাকের আলোচনা) 'কিতাবুল আদাব' (আদবের আলোচনা) ও 'কিতাবুর রিকাক' (মন বিন্দ্রকারী হাদীসসমূহের আলোচনা) পরিদৃষ্ট হবে। বিধায় এরূপ ধারণা পোষণের সুযোগ কোথায় যে, ইসলাম কেবল আকীদা ও আমল শিখিয়েছে? মু'আমালাত, মু'আশারাত ও তাসাওউফ শিক্ষা দেয়নি। বরং উপরের আলোচনা দ্বারাই নিষ্ঠাবান ব্যক্তির বিশ্বাস হয়ে যাবে যে, ইসলাম পাঁচটি বিষয়েরই শিক্ষা দান করেছে। ইসলাম আমাদের কারো মুখাপেক্ষী করে রাখেনি। বরং বিজাতিদের মধ্যেও এমন নিষ্ঠাবান লোক রয়েছেন, যারা নিজেরাই ইসলাম থেকে শিক্ষার আলোলাভের স্বীকৃতি প্রদান করে থাকেন।

মোটকথা, যখন এ ভ্রান্ত ধারণা বিশ্বব্যাপী বিস্তার হতে এবং সর্বশ্রেণির লোকের এর দ্বারা ক্ষতিগ্রস্ত হতে দেখা গেল, তখন ইসলামী সহমর্মিতা ও ভ্রান্তির সংশোধন এবং এ বিষয়ে এমন একটি পুস্তিকা রচনা করার দাবি উত্থাপন করল, যার মধ্যে উপরিউক্ত পাঁচ বিষয়কে কুরআন ও সুনাহ থেকে সংগ্রহ করে সংক্ষেপে প্রয়োজন পরিমাণ সংকলন করা হবে। এ পুস্তক দ্বারা সমস্ত মুসলমানকে উপকৃত করার লক্ষ্য তো আছেই, তবে বিশেষত আধ্যাত্মিকতার পথের পথিকদের বিদপ্ধ হৃদয়ের আবেদন পূরণ করাই অধিকতর লক্ষ্য। তাই প্রত্যেক মুসলমানের ব্যাপকভাবে এবং আধ্যাত্মিকতার পথের পথিকদের বিশেষভাবে এ বই অধ্যয়ন করা এবং অল্প অল্প করে প্রতিদিন নিয়মিত ওযীফারূপে পাঠ করা জরুরি।



ফুরুউল ঈমান–ঈমানের শাখা-প্রশাখা

মূল: হাকীমূল উন্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ১২৮

মূল্য: ১২০.০০ টাকা মাত্র

হাকীমূল উন্মাত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর আন্তর্জাতিক ব্যক্তিত্ব সর্বজনস্বীকৃত ও সর্বজনবিদিত। হযরত থানভী রহ.-এর অসাধারণ প্রজ্ঞা, ইলমী রহানী খেদমত ও মুসলিম উন্মাহর জন্য তাঁর সংস্কারমূলক বিরাট অবদানের কারণে তাঁকে হাকীমূল উন্মত [উন্মতের (আধ্যাত্মিক রোগের) চিকিৎসক] ও মুজাদ্দিদুল মিল্লাত (মুসলিম জাতির

সংস্কারক) খেতাবে ভূষিত করা হয়েছে।

হযরত থানভী রহ. প্রায় এক সহস্র কিতাব রচনা করেছেন। তাঁর রচনা-ভাগ্তারের অন্যতম কিতাব "ফুরুউল ঈমান: ঈমানের শাখা-প্রশাখা"। এ কিতাব সম্পর্কে হযরত রহ. লিখেছেন,

"দীর্ঘদিন ধরে আমার ইচ্ছা ছিল, ঈমানের এ শাখাসমূহকে আমার স্বদেশি মুসলমান ভাইদের অবগতির জন্যে সহজবোধ্য উর্দুতে লিখে দেই। যাতে করে তারা জানতে পারেন, যে ঈমানের দাবি আমরা করি, তার এতগুলো শাখা রয়েছে। এবং চিন্তা করে দেখে যে, আমাদের মধ্যে এসব শাখার কতগুলো বিদ্যমান রয়েছে এবং কতগুলো নেই। তাহলে এর দ্বারা নিজের ঈমানের পূর্ণতা ও অপূর্ণতার পরিমাপ করতে পারবে। যে সমস্ত গুণের অভাব নিজেদের মধ্যে পাবে সেগুলো অর্জনের এবং পূর্ণতাসাধনের চেষ্টা করবে এবং সেগুলো পূর্ণ না করে পরিপূর্ণ ঈমানের দাবি করতে লজ্জাবোধ করবে। যদিও দ্বীনের মূল বিষয়গুলো স্বীকার করলে নিমুন্তরের ঈমানের অধিকারী হওয়া যায়। কিন্তু সে ঈমান তেমনই, যেমন ল্যাংড়া, লুলা, অন্ধ, কানা, পন্ধু মানুষকে মানুষ বলা হয়। সবাই জানে যে, এ রকম মানুষ কোন পর্যায়ের মানুষ।

এ সমস্ত শাখা আলোচনা করার আরেকটি উদ্দেশ্য এও যে, বিজাতিরা জানতে পারবে যে, ইসলামের শিক্ষা যথেষ্ট ও পরিপূর্ণ। (এ জন্যই সবক'টি শাখা–সংক্রান্ত আয়াত ও হাদীসসমূহ উল্লেখ করা হয়েছে, যেন তারা জানতে পারে যে, এ সমস্ত শিক্ষা শরীয়ত নিজেই দিয়েছে। এগুলো কারো ধারণা বা বুদ্ধি দ্বারা উদ্ভাবিত নয়) এবং ইসলাম ঐ ব্যক্তিকেই পূর্ণ মুসলমান বলে জানে, যার মধ্যে এ সমস্ত উত্তম চরিত্র ও পূর্ণতার বৈশিষ্ট্য বিদ্যমান রয়েছে। অসম্পূর্ণ মুসলমানদের দেখে তারা ইসলামের শিক্ষাকে যেন গুরুত্বীন মনে না করে। কারণ, ইসলামের কাজ বলে দেওয়া। জোর-জবরদন্তি কাউকে মুসলমান বানিয়ে দেওয়া নয়। এ সমস্ত ক্রটি আমাদের; ইসলামের উপর এর কোনো দায়িত্ব ও দোষ চাপানো যাবে না।"



কসদুস সাবীল–আল্লাহ প্রাপ্তির পথ

মূল : হাকীমূল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৫৬

মূল্য: ৬০.০০ টাকা মাত্র

আল্লাহর পথের পথিকের পথনির্দেশ, হক্কানী পীর ও মাশায়েখের পরিচয়, গুণাবলি ও নিদর্শন বর্ণনার পাশাপাশি সালেকের করণীয় ও বর্জনীয় বিষয়সহ দৈনন্দিন আমল,

অযীফা ও যিকিরের বিস্তারিত বর্ণনা এ কিতাবে বিবৃত হয়েছে, যা প্রত্যেক সালেকের তথা আল্লাহর পথের পথিকের জন্য অবশ্যপাঠ্য।



ইসলামের সামাজিক বিধান আদাবুল মুআশারাত

মূল: হাকীমূল উম্মত হ্যরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৪৮

মূল্য: ৫০.০০ টাকা মাত্র

ইসলামে আছে পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা। জীবনের সকল স্তরের বিস্তারিত পথনির্দেশ ইসলামের শিক্ষায় রয়েছে। ইসলামের সামাজিক বিধানের লক্ষ্য ও উদ্দেশ্য হলো কারো দ্বারা কেউ ক্ষতিগ্রস্ত না হওয়া। কিন্তু আমরা অনেকেই এ বিষয়টি লক্ষ

করি না। এ কিতাবে সামাজিক শান্তি প্রতিষ্ঠার জন্য করণীয়, ইসলামের সামাজিক বিধান তথা সামাজিক অঙ্গনে কোন কাজ কীভাবে করলে সকলের হক আদায় হবে এবং সকলেই অন্যের অনিষ্ট থেকে রক্ষা পাবে, সে বিষয়টিই বিস্তারিতভাবে বর্ণিত হয়েছে।





আগলাতুল আওয়াম সাধারণ্যে প্রচলিত ভুল-প্রান্তি

মূল: হাকীমূল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৩২

মূল্য: ৪০.০০ টাকা মাত্র

হাকীমুল উদ্মত মুজাদ্দিদুল মিল্লাত হ্যরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. রচিত কিতাবসমূহের মধ্যে

"আগলাতুল আওয়াম : সাধারণ্যে প্রচলিত ভুল-ভ্রান্তি", যদিও ক্ষুদ্র একটি পুস্তিকা। কিন্তু তার উপকারিতা অনেক বেশি।

এ কিতাব সম্পর্কে হযরত থানভী রহ. লিখেছেন,

"অধিকাংশ সাধারণ মানুষ, বরং সাধারণতুল্য শিক্ষিতদের মাঝেও এমন কিছু ভুল মাসআলা প্রসিদ্ধ ও প্রচলিত রয়েছে, যেগুলোর শরীয়তে কোনো ভিত্তি নেই। সেগুলোর উপর তাদের এমন নিশ্চিত বিশ্বাস যে, সেগুলোর ব্যাপারে তাদের কোনো সন্দেহও সৃষ্টি হয় না যে, আলেমগণের নিকট থেকে যাচাই করে নেবে। অধিকাংশ আলেমেরও সাধারণ মানুষের এসবের মধ্যে লিপ্ত থাকার কথা জানা নেই যে, তারা সময়-সুযোগমতো সেগুলো সংশোধন করে দিবে। এ সমস্ত মাসআলার ব্যাপারে যেহেতু সাধারণত মানুষের পক্ষ থেকেও যাচাই করা হয় না, আবার আলেমদের পক্ষ থেকেও সতর্ক করা হয় না, তাই এ সমস্ত ভুল-ভ্রান্তি সংশোধনেরও কোনো পথ হয় না। এ কারণে দীর্ঘদিন ধরে এ সমস্ত ভুল মাসআলা যতদূর জানা সম্ভব লিপিবদ্ধ করার ইচ্ছা পোষণ করে আসছিলাম।

আল্লাহর মেহেরবানীতে এখন তা বাস্তবে রূপ নিচ্ছে। আলেমগণ যেমনিভাবে হাদীস শাস্ত্রের 'মওযুআত' বা জাল হাদীসসমূহ সংকলন করেছেন, তেমনিভাবে এ পুস্তিকা ফিক্হশাস্ত্রের 'মওযুআতের' তথা ভুল মাসায়েলের সংকলন।



সাফাইয়ে মু'আমালাত–লেন-দেনে স্বচ্ছতা

মূল: হাকীমূল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ : মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৫৬

মূল্য : ৯০.০০ টাকা মাত্র

হাকীমুল উন্মত মুজাদ্দিদুল মিল্লাত হ্যরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. রচিত কিতাবসমূহের মধ্যে "সাফাইয়ে মু'আমালাত : লেনদেনে স্বচ্ছতা", যদিও ক্ষুদ্র একটি পুস্তিকা। কিন্তু তার উপকারিতা অনেক বেশি। কারণ এতে উপার্জনের হালাল-হারাম সম্পর্কে

আলোচনা করা হয়েছে। আর যদি রিযিক হালাল না হয় বরং হারাম হয় তাহলে আল্লাহ পাক বান্দার আমল ও দুআ সাধারণত কবুল করেন না। এ জন্য হালাল উপার্জনের গুরুত্ব শরীয়তে অনেক বেশি।

কুরআন ও হাদীসের সুস্পষ্ট ভাষ্য দ্বারা প্রমাণিত যে, পরিশুদ্ধ লেনদেন এবং বিশুদ্ধ কারবার দ্বীনের অন্যতম অংশ। কোনো কোনো দিক থেকে এটি বরং অধিকতর গুরুত্বপূর্ণ। কিন্তু আমাদের এ যুগে এ বিষয়েই সর্বাধিক ক্রটি করা হচ্ছে এবং একে অগ্রাহ্য করা হচ্ছে। তাই এ বিষয়ের অধিক প্রচলিত দিকসমূহের বিধানাবলি সংক্ষেপে সাবলীল ভাষায় সংকলন করে দেওয়ার তীব্র প্রয়োজন অনুভব করে এ কিতাব সংকলন করা হয়েছে। যাতে করে এগুলো জানার মাধ্যমে আমলের তাওফীক হয়।

আল্লাহর প্রিয় হওয়ার উপায়

হযরত থানভী রহ. বলেন, আল্লাহ তা'আলাকে ভালোবাসতে চাইলে এবং তাঁর ভালোবাসার পাত্র হতে চাইলে হিম্মত করে শরীয়তের যাহেরী ও বাতেনী হুকুমসমূহের উপর নিয়মিত আমল করো, 'আল্লাহ' 'আল্লাহ' করো এবং মাঝে মাঝে আল্লাহওয়ালাদের সোহবতে যাও এবং তাঁদের অবর্তমানে তাঁরা যেসব কিতাবের কথা বলেন সেগুলো পাঠ করো। (কামালাতে আশরাফিয়া: ৮৮)



ইসলামের সৌন্দর্য (দুই খণ্ডে সমাপ্ত)

মূল: হাকীমূল উন্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.


অনুবাদ : মাওলানা মুশতাক আহমাদ ও মাওলানা মনসূর আহমাদ

সর্বমোট পৃষ্ঠা সংখ্যা : ৭০৪

মূল্য: ৬৭০.০০ টাকা মাত্র (পূর্ণ সেট)

ইসলাম ধর্ম যেমন সৌন্দর্যমণ্ডিত ও যৌক্তিক, তদ্রূপ তার সকল বিধি-বিধানের মধ্যেও রয়েছে অপার সৌন্দর্য ও যৌক্তিকতা। মানুষ যখন তা পূর্ণরূপে অনুধাবন করে, তখন তার জন্য সে সকল বিধান মেনে চলাটা অনেক

সহজ হয়ে যায়। সবকিছুর বিনিময়ে হলেও সে ইসলামকে জীবনের সকল অঙ্গনে বাস্তবায়ন করে সফলতা লাভ করতে প্রয়াসী হয়। হাকীমুল উন্মত হ্যরত থানভী রহ. তার এ বয়ানে মূলত ইসলামী বিধানের সৌন্দর্য ও কল্যাণ আর তা অমান্য করার ক্ষতি ও বিপর্যয়ের বিবরণ সবিস্তারে আলোচনা করেছেন।



মুনাজাতে মাকবৃল ও মাসনৃন দু'আ

মূল: হাকীমূল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হ্যরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ: মাওলানা যাকারিয়া আবদুল্লাহ পৃষ্ঠা: ২২৪ (বড়); মূল্য: ২০০ টাকা

পৃষ্ঠা : ২৫৬ (পকেট); মূল্য : ১০০ টাকা

হাকীমূল উন্মত মুজাদিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. কর্তৃক সংকলিত কুরআন ও হাদীসের নির্বাচিত ও নির্ভরযোগ্য দুআসমূহের অপূর্ব সংকলন, যা সাত মঞ্জিলে বিভক্ত। খুব অল্প সময়ে খুব সহজে প্রতিদিন এক মঞ্জিল করে পাঠ করে সাত দিনে সমাপ্ত করা যায়। মানবজীবনের সকল প্রয়োজন মেটানোর জন্য যথেষ্ট। এ কিতাবটি বড় ও পকেট দু-সাইজে ছাপা হয়েছে।



হ্যরত থানভী রহ.-এর শ্রেষ্ঠতম ওয়াজ আত্মার প্রশান্তি

মূল: হাকীমূল উন্মত মুজাদ্দিদূল মিল্লাত হ্যরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

शृष्ठी : ४०

মূল্য: ১০০.০০ টাকা মাত্র

আত্মার শান্তিই প্রকৃত শান্তি। এ বিষয়টি লাভ হয় একমাত্র আল্লাহর যিকিরের মাধ্যমে। কিন্তু আমরা বিষয়-সম্পত্তি ও বৈষয়িক উপকরণের মধ্যেই শান্তি খুঁজে বিভ্রান্ত হই। আত্মার

শান্তি থেকে যায় আমাদের নাগালে বাইরে। কীভাবে আত্মার শান্তি অর্জিত হবে এ কিতাবে আছে তার হৃদয়গ্রাহী বিবরণ।



ঈমান ও আকীদা

মূল: হাকীমূল উম্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.

অনুবাদ ও সংকলন : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

সম্পাদনা : মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক

পৃষ্ঠা : ৩২

মূল্য: ৪০.০০ টাকা মাত্র

ঈমান ও আকীদা ইসলামের মৌলিক বিষয় এবং মুমিনের কর্ম ও জীবনের প্রধান ভিত্তি। অথচ এ বিষয়টি এ যুগের মুসলমানদের চরম অবহেলার শিকার। এ কিতাবে অতি

সংক্ষেপে ঈমান-আকীদার মৌলিক কথা আলোচনা করা হয়েছে, যাতে করে ঈমান-আকীদা সহীহ করা যায়। সাথে আছে বিভিন্ন প্রকার গোনাহ্ ও কু-প্রথার আলোচনা, যেন তা পরিহার করে চলা যায়।





আত্মশুদ্ধির পরশমণি বাসায়েরে হাকীমুল উম্মত

সংকলন: আরেফ বিল্লাহ হযরত ডাক্তার আবদুল হাই আরেফী রহ.

অনুবাদ : মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ৬৭২

মূল্য : ৫৪০.০০ টাকা মাত্র

'বাছায়েরে হাকীমুল উম্মত' তাসাওউফ ও সুলুকের হাকীকত এবং সংশয়-সন্দেহ নিরসনমূলক একখানা অনবদ্য গ্রন্থ।

তাসাওউফ ও সূলক বিষয়ক এক অসাধারণ সঞ্চয়ন।

হাকীমুল উন্মত, মুজাদ্দিদে মিল্লাত হযরত মাওলানা শাহ মুহাম্মাদ আশরাফ আলী থানভী কুদ্দিসা সিররুহু-এর বিভিন্ন রচনা ও সংকলন থেকে সংগৃহীত। সংশ্লিষ্ট বিষয়ে হযরত রহ.-এর সংস্কারধর্মী ও সংশোধনমূলক বয়ান-রচনার চৌম্বক সব অংশ। কুরআন-সুনাহ্র মজবুত দলীলের আলোকে তাসাওউফের বিভিন্ন মাসআলার চমৎকার ব্যাখ্যা। সংশোধন ও সংস্কারকার্যে তাঁর বৈশিষ্ট্যমণ্ডিত কীর্তির সুসমঞ্জস বিষয়বিন্যাস ও আকর্ষণীয় শিরোনামায় উপস্থাপন করা হয়েছে এই কিতাবে।

এ কিতাব মূলত হযরত থানভী রহ.-এর নিকট তারবীয়তপ্রার্থী সালেকদের বিভিন্ন চিঠি-পত্রের উত্তর সম্বলিত রচনা 'তারবিয়াতুস সালেক' (যা যুগ যুগ ধরে সালেকীনের পথ-প্রদর্শনকারীর ভূমিকা পালন করে আসছে)-এর সুবিন্যস্ত রূপ। আল্লাহ্ পাকের ভালোবাসা ও নৈকট্যপ্রত্যাশী সকলের জন্য বিস্ময়কর এক উপহার। যা পাঠ করে খুব সহজেই সালেকগণ খোদাপ্রাপ্তির পথ অতিক্রম করে মঞ্জিলে মাকসূদে পৌছে যেতে পারেন।

মুরাকাবা : কী ও কেন?

আল্লাহ তা'আলার 'যাত' ও সিফাত কিংবা অন্য কোনো বিষয়ে অধিকাংশ সময় বা সুনির্দিষ্ট কোনো সময়ে গভীরভাবে ধ্যান ও চিন্তা করা এবং অন্তরে এই উদ্দেশ্য পোষণ করা যে, এই অনুধ্যানের ফলে এর দাবি অনুযায়ী আমল করা সম্ভব হবে—এরই নাম মুরাকাবা। এটা অন্তরের মুখ্য আমলসমূহের অন্তর্ভুক্ত। (আত-তাকাশৃশুফ, পূ. ৩২৩-৩৩৭) (বাসায়েরে হাকীমূল উন্মত: ২২২ পৃষ্ঠা)



কামালাতে আশরাফিয়া

গ্রন্থনা : হযরত মাওলানা মুহাম্মাদ ঈসা ছাহেব রহ.

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৬৯৬

মূল্য: ৬২০.০০ টাকা মাত্র

আল্লাহওয়ালা বুযুর্গানে দ্বীনের ওয়াজ ও বয়ান, মালফূযাত ও বাণী কেবল উপস্থিত শ্রোতাদের জন্যই উপকারী নয় বরং তাদের বাণী যদি কারো নিকট অন্য কোনো ব্যক্তির মাধ্যমে বা মুদ্রিত আকারেও পৌছে, তাহলে সেটাও তার পাঠক ও শ্রোতাদের জন্য খবই উপকারী হয়ে থাকে।

হাকীমুল উন্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর প্রায় ত্রিশোর্ধ্ব খণ্ডে প্রকাশিত মালফ্যাত উপমহাদেশের উলামায়ে কেরাম ও দ্বীনদার-শ্রেণির মানুষদের যুগ যুগ ধরে রাহবারী করে আসছে। এত বৃহৎ কলেবরের মালফ্যাতের সবকিছু অধ্যয়ন অনেকের জন্যই সম্ভব নয়। এ সকল খণ্ড থেকে প্রায় দেড় সহস্র নির্বাচিত মালফ্যাত নিয়েই সংকলিত হয়েছে 'কামালাতে আশরাফিয়া'। যা হযরতের প্রায় সকল খলীফাই তাঁদের নিকট আগত ইসলাহ-প্রত্যাশীদের নিয়মিত পাঠ করার জন্য বলে থাকেন।

কামেল মুকাম্মালের পরিচয়

হ্যরত থানভী রহ. বলেন, কামেল মুকাম্মাল সে-ই, যে সর্বক্ষেত্রে রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামের পদচিহ্ন ধরে চলে। যার বাহ্যিক অবস্থা রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামের বাহ্যিক অবস্থার অনুরূপ হয় এবং আভ্যন্তরীণ অবস্থা হয় রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামের আভ্যন্তরীণ অবস্থার অনুরূপ। অর্থাৎ, সব বিষয়ে এবং সব অবস্থায় একমাত্র রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামই তার আদর্শ এবং অনুসরণীয়। (কামালাতে আশ্রাফিয়া: ৮৬)



মাজালিসে হাকীমুল উম্মত

হ্যরত থানভী রহ.-এর মালফূ্যাত

সংকলন: মুফতী মুহাম্মাদ শফী রহ.

অনুবাদ: মাওলানা খন্দকার মুশতাক আহমাদ শরীয়তপুরী

পৃষ্ঠা : ৫২০

মূল্য: ৪৬০.০০ টাকা মাত্র

হাকীমুল উন্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর বিভিন্ন মজলিসে প্রদত্ত জ্ঞানগর্ভ আলোচনার নির্বাচিত অংশের সংকলন। যুগ যুগ ধরে যার তা'লীম আল্লাহওয়ালাদের মজলিসে

নিয়মিতভাবে হচ্ছে। উলামা-তলাবা, ইমাম-খতীব, ওয়ায়েয ও সাধারণ মুসলমান সকলের জন্যই সমানভাবে উপকারী।



আত্মগুদ্ধি

মূল: মুফতী মুহাম্মাদ শফী রহ.

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ১৫২

মূল্য: ১৫০.০০ টাকা মাত্র

দেহ ও আত্মার সমন্বয়ে মানুষ। ইসলামে যেমন দেহসম্পর্কিত বিধান আছে তদ্রূপ আত্মাসম্পর্কিতও বহু বিধান রয়েছে। কিন্তু আমরা অনেকেই এ বিষয়ে অজ্ঞ। অথচ দ্বীনী জীবনে এর গুরুত্ব অপরিসীম। আত্মার পরিশুদ্ধি ব্যতীত নাজাতের আশা করা যায় না। আদর্শ

মুসলিম হওয়ার জন্য আত্মশুদ্ধির গুরুত্ব সর্বাধিক। কিন্তু আমাদের বাস্তব জীবনে এ বিষয়টি একেবারে অবহেলার শিকার। আত্মশুদ্ধির গুরুত্ব সম্পর্কে অত্যন্ত আকর্ষণীয়রূপে বিস্তারিতভাবে এ কিতাবে আলোচনা করা হয়েছে।



আল্লাহওয়ালা

মূল: মুফতী মুহাম্মাদ শফী রহ.

সংকলন ও অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পষ্ঠা : ১১২

মূল্য: ১২০.০০ টাকা মাত্র

দুটি জিনিস

সুল্ক ও তরীকত তথা খোদাপ্রাপ্তির পথের সারাংশ দুটি জিনিস। ফাযায়েল (উত্তম গুণাবলী) হাসিল করা, যাকে তাছাওউফের পরিভাষায় تحلية বলে এবং رذائل)(দোষসমূহ) হতে মুক্ত হওয়া, যাকে সুফিয়ায়ে কেরাম تخلية বলে আখ্যায়িত করে থাকেন। (আআশুদ্ধি: ৫৯)

আল্লাহর নৈকট্য অর্জন করে যারা আল্লাহর ভালোবাসা লাভ করেন তাদেরই আল্লাহওয়ালা বলা হয়। আল্লাহ পাকের ভালোবাসা ও নৈকট্য অর্জন করাটাই নাজাতের উপায়। এজন্য প্রতিটি মুমিনের আল্লাহওয়ালা হওয়া আবশ্যক। এ কিতাবে কুরআনের আলোকে আল্লাহর প্রিয়ভাজন হওয়ার উপায় বিস্তারিতভাবে বিবৃত হয়েছে। এটি মূলত সূরা ফুরকানের ৬৩ হতে ৭৭ পর্যন্ত আয়াতের ব্যাখ্যা। সাথে সাথে সূরা মুমিনুন-এর শুরুতে বর্ণিত মুমিনের ৭টি গুণের সামান্য ব্যাখ্যা। এ গুণসমূহ অর্জন করে যে কেউ আল্লাহ্ওয়ালা হতে পারবে, ইনশাআল্লাহ।





শোনো হে মুমিন

মূল: মুফতী আযম মুফতী মুহাম্মাদ শফী রহ.

সংকলন ও অনুবাদ সম্পাদনা : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ৬৮৮

মূল্য: ৫৮০.০০ টাকা মাত্র

আল-কুরআনুল কারীম আল্লাহ পাক প্রদন্ত হিদায়াতনামা। যা তিনি মানুষের পথ প্রদর্শনের জন্য তাঁর প্রিয় রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি নাযিল করেছেন। যাতে মানুষ কুরআনের নিদের্শনা অনুযায়ী চলে এবং তার বিধানের অনুসরণ করে। কুরআনই হলো, উম্মাতে মুসলিমার প্রাণশক্তি। এ কুরআনের সাথেই তাদের শৌর্য-বীর্য, শক্তি-সামর্থ্য, জীবন-মরণ, মর্যাদা ও

সম্মানের সম্পর্ক।

কুরআনের মাধ্যমেই উম্মাতে মুসলিমা জীবনীশক্তি লাভ করে, তাঁর অন্তর স্পন্দিত হয়, কুরআনের বাণীই তাকে আমলে নিয়োজিত করে। কুরআন ব্যতীত উম্মাতে মুসলিমা জীবনীশক্তিহীন এমন এক জড় পদার্থ হয়ে যায়, পৃথিবীর রক্ষণাবেক্ষণ ও উন্নয়নে যার কোনো অবদান ও ভূমিকা নেই।

কুরআন এমন এক নূর (আলোকবর্তিকা) যা মানুষকে সীরাতে মুস্তাকীমের রাহনুমায়ী করে বেহেশতে পৌঁছে দেয়।

কুরআন মানুষকে কুফ্র, শিরক, বিদ'আত ও অজ্ঞতার অন্ধকার থেকে বের করে ঈমান, তাওহীদ, সুন্নাহ ও জ্ঞানের আলোকিত ভূবনে এনে শ্রেষ্ঠত্বের মর্যাদায় উন্নীত করে।

এজন্যই ইসলামের সূচনালগ্ন হতে আল্লাহর পথের সত্যিকারের পথিকগণ কুরআন নিয়েই ব্যস্ত থেকেছেন, এভাবেই যিন্দেগীকে মূল্যবান বানিয়েছেন। এতেই জীবনের সার্থকতা খুঁজে পেয়েছেন। কুরআনের ছায়ায় অতিবাহিত জীবনই উন্নতি ও সফলতা খুঁজে পায়। যাদের জীবন কুরআনের আলোকে যাপিত হয় তারাই পার্থিব ও পারলৌকিক উভয় জীবনে সফলতা লাভ করতে পারে।

আল-কুরআনুল কারীমে আল্লাহ পাক বান্দাকে বিভিন্ন অভিধায় অভিহিত করেছেন, এর মধ্যে হতে বান্দার জন্য সবচেয়ে সম্মানজনক অভিধা হলো। ক্রিন্তের্কু হিট্ট (হে ঈমানদারগণ)! বান্দার জন্য এর চেয়ে সম্মানজনক সম্বোধন আর নেই। কুরআনুল কারীমে এ ধরনের আয়াতের সংখ্যা উননব্বই। এ সকল আয়াতের ব্যাখ্যা-বিশ্লেষণমূলক কিতাব আরব-অনারব উলামায়ে কেরামের অনেকেই লিখেছেন।

আমাদের বর্তমান আয়োজন 'শোনো হে মুমিন' এ বিষয়ক বাংলা কিতাব। এ কিতাবের উপর আমল করে একজন মুমিন নিঃসন্দেহে আল্লাহ পাকের নৈকট্য অর্জন করতে পারবে ইনশাআল্লাহ।



মাজালিসে মুফতীয়ে আযম

মালফ্যাত: মুফতী মুহাম্মাদ শফী রহ. গ্রন্থনা: মুফতী আবদুর রউফ সখ্রবী অনুবাদ: মাওলানা মুহামাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৬৮৮

মূল্য: ৫৮০.০০ টাকা মাত্র

মুফতী মুহাম্মাদ শফী রহ. এক বিস্ময়কর ব্যক্তিত্ব। এই উপমহাদেশের প্রতিটি মুসলিম পরিবারের জন্য তাঁর অসাধারণ অবদান রয়েছে। সাধারণভাবে আকাবিরে উলামায়ে দেওবন্দের সোহবত এবং বিশেষভাবে হাকীমূল

উন্মত হযরত থানভী রহ.-এর সোহবত হযরত মুফতী ছাহেব রহ.কে বাহ্যিক ইলমী উন্নতির মতো আধ্যাত্মিক দিক দিয়েও উন্নতির চরম শিখরে পোঁছে দেয়। ফলে তিনি যখন হিজরত করে পাকিস্তান চলে যান, তখন সেখানে আল্লাহ পাক তাঁর মাধ্যমে দ্বীনী ইলমের মারকায 'দারুল উল্ম করাচী' প্রতিষ্ঠা করান। যে প্রতিষ্ঠানের মাধ্যমে হাজার হাজার তালিবুল ইলমের জ্ঞানপিপাসা নিবারণের ব্যবস্থা হয়। অপরদিকে হাজারো খোদাপ্রেমিকের হৃদয়ে আল্লাহ পাকের মহক্বত ও ভয়ের চেরাগ প্রজ্বলিত করে তাদের মিল্লাতের রাহবার হিসেবে গড়ে তোলেন।

হযরত মুফতী মুহাম্মাদ শফী ছাহেব রহ. কী রকম দরদ, মহব্বত, ব্যাকুলতা ও যৌক্তিকতার সাথে মানুষকে দ্বীনের কথা, আল্লাহর পথের কথা শোনাতেন, রাহনুমায়ী করতেন, তার কিছু ঝলক আমাদের বর্তমান আয়োজন "মাজালিসে মুফতীয়ে আযম" পাঠ করলে অনুধাবন করা যাবে।

এ কিতাব সংকলন করেছেন, মুফতী মুহাম্মাদ শফী রহ.-এর বিশিষ্ট ও স্নেহধন্য খলীফা, দারুল উল্ম করাচীর সম্মানিত উস্তায মুফতী আব্দুর রউফর সখ্রবী ছাহেব দামাত বারাকাতুহুম। এ কিতাব আল্লাহ পাকের মুহাব্বত ও নৈকট্যপ্রত্যাশী সকলের জন্যই অপূর্ব এক দস্তরখান।









হাকীমূল উদ্মত মুজাদ্দিদুল মিল্লাত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ.-এর সর্বশেষ খলীফা মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক ছাহেব রহ.-এর বিভিন্ন মজলিসে প্রদত্ত জ্ঞানগর্ভ আলোচনা তিনটি খণ্ডে প্রকাশিত হয়েছে। **প্রথম খণ্ড "আখেরাতের পাথেয়"** যার উল্লেখযোগ্য শিরোনামসমূহ, মুমিনের পরিচয়, মুমিনের মর্যাদা, কৃতজ্ঞতা আদায়ের প্রয়োজনীয়তা ও পদ্ধতি, বর্তমান সংকট–উত্তরণের সহজ উপায়, দ্বীনের ক্ষতি থেকে বাঁচার উপায়, ইখলাসের প্রয়োজনীয়তা ও পদ্ধতি, ধৈর্য, আনুগত্য ও আবদিয়্যাত, জান্নাত লাভের উপায়, কুরআনে কারীম শুদ্ধ করার প্রয়োজনীয়তা ও গুরুত্ব, আলেম সমাজ : দায়িত্ব ও কর্তব্য, আত্মন্তদ্ধির গুরুত্ব ও প্রয়োজনীয়তা। **দ্বিতীয় খণ্ড "আদর্শ জীবন গঠনের ইসলামী** পদ্ধতি" যার উল্লেখযোগ্য শিরোনামসমূহ, আদর্শ জীবনগঠনের ইসলামী পদ্ধতি, সফলতা লাভের উপায়, তুহফাতুল হুজ্জাজ, নাহী আনিল মুনকার: গুরুত্ব ও প্রয়োজনীয়তা, মুক্তির পথ ও নাজাতের উপায়, সহনশীলতার গুরুত্ব ও উপায়, মুমিনের বৈশিষ্ট্য ও গুণাবলী। **তৃতীয় খণ্ড** "আমাদের অধঃপতন ও উত্তরণের পথ" যার উল্লেখযোগ্য শিরোনামসমূহ, তালিবে ইলমের দায়িত্ব ও কর্তব্য, দুঃখ-কষ্টের প্রতিষেধক, মহান আল্লাহর খাস বান্দাদের পরিচয়, আমাদের অধঃপতন ও উত্তরণের পথ, অন্যায় সংশোধনের তীব্র প্রয়োজনীয়তা, বাহ্যিক ও আত্মিক পরিশুদ্ধি. তালিবে ইলমের পথ ও পাথেয়, গীবতের ক্ষতি ও তার প্রতিকার, মাহে রামাযান: আমাদের করণীয়, নিয়্যতই আমলের ভিত্তিমূল, পাশ্চাত্য সভ্যতা : মিষ্টি বিষ। ইত্যাদি। এ সকল কিতাব (তিন খণ্ড) একত্রে "মাওয়ায়েযে আবরার সমগ্র" নামেও প্রকাশিত হচ্ছে।


মাওয়ায়েযে আবরার-১ আখেরাতের পাথেয় মাওয়ায়েযে আবরার-২ আদর্শ জীবন গঠনের ইসলামী পদ্ধতি মাওয়ায়েযে আবরার-৩ আমাদের অধঃপতন ও উত্তরণের পথ

মূল: মুহিউস সুনাহ্ হ্যরত মাওলানা শাহ্ আবরারুল হক রহ.


"বিগত প্রায় বিশ বছর যাবৎ আমি ঠিকানাবিহীন পত্রের ন্যায় সফর করে চলেছি। এ সকল সফরে অসংখ্য দেশ ও শহরের মাটি পায়ে লাগিয়েছি। তনুধ্যে যে সকল সফরে উল্লেখযোগ্য জ্ঞানার্জন হয়েছে অথবা এ সুবাদে ইসলামী ইতিহাসের হারানো কোনো অধ্যায় উল্টিয়ে দেখার সুযোগ হয়েছে, তার বিবরণ 'সফরনামা' রূপে লিপিবদ্ধ করেছি। যার প্রথম খণ্ড বিশটি দেশের সফরনামা 'জাহানে দীদাহ' নামে প্রকাশিত হয়েছে এবং আমার ধারণাতীত পাঠকপ্রিয়তা লাভ করেছে। এরপরও আমার সফরের ধারা অব্যাহত রয়েছে এবং এখনো সফরেই আছি। সফরনামার প্রথম খণ্ড 'জাহানে দীদাহ' প্রকাশিত হওয়ার পরও আমার অনেক দেশ সফর করা হয়েছে সেগুলোর বিবরণও লিপিবদ্ধ করেছি এবং তা 'দুন্ইয়া মেরে আগে' নামে প্রকাশিত হয়েছে। এ সফরনামার তৃতীয় খণ্ড 'সফর দর সফর' নামে প্রকাশিত হয়েছে।

দুআ করি আল্লাহ পাক এই কিতাবকে পাঠকদের জন্য উপকারী বানান। আমীন।"

আমরা পূর্বে এ সকল সফরনামা অনুবাদ করে সাত খণ্ডে প্রকাশ করেছিলাম। বর্তমানে সে সকল খণ্ড ব্যাপক পরিমার্জন ও দীর্ঘ সম্পাদনার পর দুই দুই খণ্ড একত্রে প্রকাশ করা হচ্ছে। ফলে পূর্ব প্রকাশিত প্রথম খণ্ড (ফুরাত নদীর তীরে) ও দ্বিতীয় খণ্ড (উহুদ থেকে কাসিয়ুন) একত্রে "আমার দেখা পৃথিবী—১" নামে দক্ষিণ আফ্রিকা, সৌদি আরব (১ম সফর), ইরাক, মিসর, আলজিরিয়া, সৌদি আরব (২য় সফর), জর্দান ও সিরিয়া মোট আটটি দেশের সফর বৃত্তান্ত নিয়ে প্রকাশিত হচ্ছে। তৃতীয় খণ্ড (হারানো ঐতিহ্যের দেশে) ও চতুর্থ খণ্ড (অমুসলিম দেশে মুসলিম পর্যটক) একত্রে "আমার দেখা পৃথিবী—২" নামে তুরস্ক, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, চীন, কাতার, বাংলাদেশ, ইউরোপ, আমেরিকা ও ভারত মোট নয়টি দেশের সফর বৃত্তান্ত নিয়ে প্রকাশিত হচ্ছে। পঞ্চম খণ্ড (দুনিয়াজোড়া বিস্ময়কর সফর) ও ষষ্ঠ খণ্ড (রাতের সূর্য) একত্রে "আমার দেখা পৃথিবী—৩" নামে স্পেন, ক্রনাই, তুরস্ক, রিইউনিয়ন, দক্ষিণ আফ্রিকা, কাতার, হল্যান্ড, কানাডা, আমেরিকা, ওয়েস্ট ইন্ডিজ, সৌদি আরব, কেনিয়া, কানাডা, আমেরিকা, জাপান, অস্ট্রেলিয়া, আয়ারল্যান্ড, ইয়েমেন, মালয়েশিয়া, নরওয়ে, সুইডেন ও ফিনল্যান্ড মোট বাইশটি দেশের সফর বৃত্তান্ত নিয়ে প্রকাশিত হচ্ছে। এবং পূর্ব প্রকাশিত সপ্তম খণ্ড (পৃথিবীর দেশে দেশে) "আমার দেখা পৃথিবী—8" নামে যা ফিজি, ইরান, নিউজিল্যান্ড, সিরিয়া, কিরগিজিস্তান, আলবেনিয়া, রাশিয়া, জাপান, ল্যাটিন আমেরিকা, তাজিকিস্তান, হিন্দুন্তান ও জর্ডান মোট তেরটি দেশের সফরের কাহিনী সমন্বয়ে রচিত। সফরনামার এ খণ্ড পূর্বোক্ত অন্যান্য সফরনামার চেয়েও আকর্ষণীয়। কারণ এ খণ্ডে মহানবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লামের তাবারক্রকাতসহ কিছু স্বতন্ত্র বৈশিষ্ট্যমণ্ডিত দেশের সফরেকাহিনী এবং সেখানকার বিরল, বিচিত্র ও বিস্ময়কর অবস্থা ও ঘটনার বিবরণ এসেছে যা পাঠ করলে পাঠকমাত্রই পুলকিত ও বিস্মিত হয়ে আল্লাহ পাকের অপূর্ব কুদরতের স্বীকৃতিস্বরূপ বলে উঠবেন 'সুবহানাল্লাহ'!





বরেণ্যদের স্মৃতিচারণ

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ মুহিউদ্দীন

পৃষ্ঠা : ৫২৮

মূল্য: ৪৬০ টাকা মাত্র


এ কিতাব মূলত আল্লাহওয়ালা বুযুর্গানে দ্বীন, হক্কানী উলামায়ে কেরাম, সমাজকর্মী, সাহিত্যিক, রাজনীতিবিদসহ সমকালীন বরেণ্য ব্যক্তিবর্গ সম্পর্কে তাদের দুনিয়া থেকে বিদায় নেয়ার পর লেখা স্মৃতিচারণমূলক কলাম 'নুকূশে রফতেগাঁ'-এর বঙ্গানুবাদ। যা উস্তায়ে মুহতারাম শাইখল

ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী ছাহেব দামাত বারাতুহুম তাঁর সম্পাদিত প্রসিদ্ধ উর্দু মাসিক পত্রিকা 'আলবালাগ'-এর বিভিন্ন সংখ্যায় লিখেছিলেন। পরবর্তীতে পাঠকদের অনুরোধে সকল লেখা গ্রন্থিত করা হয়েছে। সুতরাং আল্লাহওয়ালা-বুযুর্গানে দ্বীন ও বরেণ্য ব্যক্তিত্বদের সম্পর্কে অবগতি লাভ করে নিজ আমল-আখলাক সংশোধন ও আল্লাহ্ পাকের পথে অগ্রসর হওয়ার জন্য এ কিতাবটি সহায়ক হবে ইনশাআল্লাহ।



খৃষ্টধর্মের স্বরূপ

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম



ইসলাহী মাজালিস (তিন ভলিউম ১-৬ খণ্ড)

ইসলাহী মাজালিস ৭ম খণ্ড (যন্ত্ৰস্থ)

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মুহাক্কেকীন উলামায়ে কেরাম

পৃষ্ঠা : ৪৬৪ (১ম ও ২য় খণ্ড) ৩৮৪ (৩য় ও ৪র্থ খণ্ড) ৪১৬ (৫ম ও ৬ষ্ঠ খণ্ড)

মূল্য: ৪০০/- (১ম ও ২য় খণ্ড)

৩৯০/- (৩য় ও ৪র্থ খণ্ড) ৩৯০/- (৫ম ও ৬ষ্ঠ খণ্ড)

এ কিতাব মূলত হ্যরত থানভী রহ.-এর আত্মশুদ্ধিমূলক মালফূযাত সংকলন "আনফাসে ঈসা"-এর ব্যাখ্যাগ্রন্থ। বেশ কয়েক বছর রমযানুল মুবারকে প্রতিদিন জোহর নামাযের পর শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী ছাহেব দামাত বারাকাতুহুম ইসলাহী মজলিসে এ কিতাব পাঠ করে তার ব্যাখ্যা-বিশ্লেষণ করেছেন। সে আলোচনায় "আনফাসে ঈসা" নামক কঠিন কিতাব শ্রোতাদের জন্য একেবারে সহজবোধ্য হয়ে গেছে। "ইসলাহী মাজালিস" সে সকল মজলিসি ব্যাখ্যারই সংকলিত রূপ। ইসলাহী মাজালিস আত্মশুদ্ধি ও আল্লাহর মা'রেফাত লাভের পথপ্রদর্শকরূপে বিবেচিত একখানি অনন্য গ্রন্থ।

পৃষ্ঠা : ১৬০

মূল্য: ১৫০.০০ টাকা মাত্র

বর্তমান পৃথিবীতে ইসলাম ব্যতীত কোনো ঐশী ধর্মই অবিকৃত থাকেনি। এবং তা থাকারও কথা নয়। কারণ ইসলামের আগমনে অন্য সকল ধর্ম রহিত হয়ে গেছে। আল্লাহ পাক ইসলামকেই একমাত্র ধর্ম হিসেবে মনোনীত করেছেন। সকল ধর্মকেই তার অনুসারীগণ বিকৃত করেছে। সবচেয়ে বেশি বিকৃতির শিকার হয়েছে খৃষ্টধর্ম। কারণ এক সময়ে যারা এ ধর্মের চরম বিরোধী ছিল, যারা এ ধর্মকে সমূলে ধ্বংস করতে চেয়েছিল, তারাই পরবর্তী সময়ে দাবি করে বসল, যে আমরাই এ ধর্মের প্রকৃত অনুসারী ও ব্যাখ্যাতা। তাদের ব্যাখ্যা যদিও হযরত ঈসা আলাইহিস সালাম-এর আনীত দ্বীনের সম্পূর্ণ বিপরীত ছিল। হযরত ঈসা আলাইহিস সালাম কখনো তাওহীদপরিপন্থী ত্রিত্বাদের প্রবক্তা ছিলেন না। প্রথম প্রথম এই বিপরীতপন্থী লোকেরা বিপুল বাধার সম্মুখীন হলেও পরবর্তীতে তাদের বিপরীত ও বিকৃত মতই খৃষ্টধর্মের আসল বলে প্রচার লাভ করে।

এ কথাটি খৃষ্টধর্মের পণ্ডিতদের রচনা থেকে সুন্দর গোছালোভাবে উপস্থাপন করেছেন শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী দামাত বারাকাতুহ্ম। অতএব খৃষ্টধর্ম সম্পর্কে সম্যক অবগতিলাভের জন্য এ কিতাবটি পাঠ করা প্রয়োজন।



দুনিয়ার ওপারে

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ৬৪

মূল্য: ১০০.০০ টাকা মাত্র

মৃত্যুর দুয়ার থেকে ফিরে আসা লোকদের বিস্ময়কর অভিজ্ঞতা, যা আপনাকে রোমাঞ্চিত করবে। সাথে আছে মৃত্যু ও মৃত্যুপরবর্তী জগৎ সম্পর্কে ইসলাম কী বলে সে বিষয়ে বিস্তারিত আলোচনা, যা দুনিয়ার জীবনে আখেরাতের প্রস্তুতিগ্রহণের নিমিত্তে আমাদের সকলের জন্যই প্রয়োজ্য।



যিক্র ও ফিক্র [ইসলাম ও আমাদের জীবন]

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ জালালুদ্দীন

পৃষ্ঠা : ৩০৪

মূল্য: ৩০০.০০ টাকা মাত্র

ইসলামী সমাজের প্রতিটি নাগরিকই নিজের স্বার্থের আগে চিন্তা করবে অন্যের সুবিধার কথা। নিজের পাওনা বুঝে নেওয়ার আগে, অন্যের হক আদায়ে থাকবে তৎপর। সারাজীবন এই সতর্কতা অবলম্বন করে চলবে যে, আমার দ্বারা যেন অন্য কেউ কন্ট না পায়। এটাই মুসলিম-সমাজের আদর্শ। আমাদের

সামাজিক জীবনের কিছু আচরণ, যা অন্যের জীবনকে গভীরভাবে প্রভাবিত করে এ ধরনের বিষয় উপজীব্য বানিয়ে দৈনিক পত্রিকায় "যিক্র ও ফিক্র" শিরোনামে কলাম লিখতেন হযরত শাইখুল ইসলাম দামাত বারাকাতুহুম। সে সকল কলামের গ্রন্থরূপ এই কিতাব।



ইসলামী ব্যাংকিং ও অর্থায়ন পদ্ধতি সমস্যা ও সমাধান

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ : মুফতী মুহাম্মাদ জাবের হোসাইন

পৃষ্ঠা : ২৩২

মূল্য: ২০০.০০ টাকা মাত্র

ইসলামী অর্থনীতিই একমাত্র অর্থব্যবস্থা, যা সকল মানুষের জন্য কল্যাণকর। এ বিষয়টির সাথে সাথে প্রচলিত অর্থায়ন-পদ্ধতি ও ব্যাংকিং পদ্ধতি ইসলাম মোতাবেক ঢেলে সাজানোর উপায় বাস্তব উদাহরণসহ এ কিতাবে

বিস্তারিতভাবে বিবৃত হয়েছে। এ ছাড়াও আছে এ সকল ক্ষেত্রের কিছু চিহ্নিত সমস্যার সুন্দর সমাধান।



কওমী মাদরাসার নেসাব ও নেযাম দরসে নেযামীর কিতাবসমূহের পাঠদান পদ্ধতি

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী


অনুবাদ: মাওলানা মুহাম্মাদ ওমর ফারুক

পৃষ্ঠা : ৮০

मृला : ১००.०० টাকা মাত্র

কওমী মাদরাসার প্রাথমিক স্তর থেকে নিয়ে সর্বোচ্চ স্তর পর্যন্ত পাঠ্যতালিকাভুক্ত বিভিন্ন বিষয়ের প্রায় সকল কিতাব শিক্ষাদানের সহজ ও কার্যকর পদ্ধতির আলোচনা। নিঃসন্দেহে কিতাবটি কওমী মাদরাসার ছাত্র-শিক্ষকদের জন্য একটি মূল্যবান নির্দেশনাপ্রস্থ। যে নির্দেশনা অনুসরণ করলে সফলতা নিশ্চিতপ্রায়।





ইসলাম ও আধুনিকতা


মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ শামসুল আলম

পৃষ্ঠা : ১২৮

মূল্য: ১২০.০০ টাকা মাত্র

প্রগতি ও আধুনিকতার নামে বিশ্বাস ও চরিত্র ধ্বংসের যে ভয়াবহ ফিতনা দুনিয়াকে গ্রাস করছে, প্রকৃতপক্ষে তা হচ্ছে মূর্যতা ও পশ্চাৎপদতা। এ কথাটিই এ গ্রন্থে চমৎকারভাবে উপস্থাপন করা হয়েছে।



জীবনের শ্রেষ্ঠ সম্পদ


মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ ওমর ফারুক

পৃষ্ঠা : ৬৪

মূল্য: ৯০.০০ টাকা মাত্র

সময়ই জীবন। সময়ের সদ্যবহার জীবনকে করে সুন্দর ও সফল। আর সময়ের অপচয় জীবনকে ধ্বংস করে। অথচ আমরা জীবনের এই মহামূল্যবান সম্পদ অহেতুক নষ্ট করি। সময়ের গুরুত্ব সম্পর্কে কুরআন ও হাদীসের আলোকে এ কিতাবে বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে।



গোনাহ্ ও তাওবা **অভিশাপ ও রহমত**

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ ওমর ফারুক

পষ্ঠা : ১৪৪

মূল্য: ১৪০.০০ টাকা মাত্র

নেক কাজ মানবজীবনকে আল্লাহর রহমতের ছায়ায় নিয়ে আসে। আর গোনাহ্ ও পাপাচার মানুষকে নিক্ষিপ্ত করে আল্লাহর অভিশাপে। অথচ মানবিক দুর্বলতার কারণে আমরা প্রায়ই গোনাহে লিপ্ত হই। এ পরিস্থিতিতে হতাশ না হয়ে

আল্লাহ পাকের নিকট খালেস তাওবা করে সেই গোনাহ যা ছিল অভিশাপের উপকরণ, সেটাকেই কীভাবে আল্লাহ পাকের রহমতলাভের উপায় বানানো যায় সে বিষয়টি সবিস্তারে এ কিতাবে বর্ণিত হয়েছে।



আপন ঘর বাঁচান

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ৯৬

মূল্য: ১১০.০০ টাকা মাত্র

কুরআনে বর্ণিত হয়েছে, 'তুমি নিজেকে ও নিজ পরিবারকে জাহান্নামের আগুন থেকে রক্ষা করো।' এ নির্দেশের উপর আমলের উপায় এ কিতাবে অত্যন্ত চিত্তাকর্ষকভাবে অন্তরের দরদ নিয়ে বর্ণনা করা হয়েছে, যা আদর্শ ব্যক্তি, পরিবার ও

সমাজগঠনে সহায়ক হবে। সাথে সাথে দুনিয়ার শান্তি ও আখেরাতের নাজাতের পথ দেখিয়ে ইহ ও পারলৌকিক জীবনকে সার্থক করবে, ইনশাআল্লাহ।



মাযহাব ও তাকলীদ : কি ও কেন

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মাওলানা মুহাম্মাদ যাইনুল আবিদীন

शृष्टी : ১৯২

মূল্য: ১৮০.০০ টাকা মাত্র

দ্বীনের উপর নির্বিঘ্নে আমলের জন্য কুরআন-হাদীসের সারাংশ ফিক্হশাস্ত্র প্রণীত হয়েছে। আইম্মায়ে মুজতাহিদীনের অনুসরণ, যার অপর নাম তাকলীদ, এটাই দ্বীনের উপর চলার নিরাপদ উপায়। কিন্তু ইদানীং

একশ্রেণির লোক ফিক্হ ও তাকলীদের বিরুদ্ধে অর্বাচীনের মতো মন্তব্য করছে। তাদের এই কর্মের অযৌক্তিকতা ও ফিক্হ ও তাকলীদের আবশ্যকীয়তা দালীলিক ভিত্তিতে প্রমাণ করা হয়েছে এ কিতাবে।



মুমিন ও মুনাফিক

মূল: হ্যরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. ও শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী


অনুবাদ: মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ৯৬

মূল্য: ১১০.০০ টাকা মাত্র

মুমিন ও মুনাফিক দুটি বিপরীত চরিত্র। মুমিনের ঠিকানা বেহেশতের চিরশান্তি, আর মুনাফিকের ঠিকানা জাহান্নামের অতল গহুবর। মানুষ কী কী দুশ্চরিত্রের

কারণে মুনাফিক হয় তার বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে এ কিতাবে। যাতে করে এ সকল বদচরিত্র থেকে আত্মরক্ষা করে ঈমান ও আমলের হেফাজত করা যায় এবং আল্লাহ্ পাকের সম্ভুষ্টি লাভ সহজ হয়।



আহকামে যাকাত


মূল: মুফতী আযম মুফতী মুহাম্মাদ রফী উসমানী ও শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা হাসান সিদ্দীকুর রহমান

পৃষ্ঠা : ১২৮

মূল্য: ১২০.০০ টাকা মাত্র

যাকাত ইসলামের পঞ্চস্তম্ভের অন্যতম। কিন্তু সঠিক মাসআলা না জানার কারণে অনেকেই যাকাত আদায় করেন না বা যেনতেনভাবে আদায় করেন। এ কিতাবে

যাকাতের অনেক আধুনিক মাসয়ালাসহ প্রায় সকল মাসয়ালা বিস্তারিত বর্ণনায় দালিলিক ভিত্তিতে উপস্থাপন করা হয়েছে।



নূরানী কাফেলা

মূল: শাইখুল হাদীস মাওলানা মুহাম্মাদ যাকারিয়া রহ. ও শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান


পৃষ্ঠা : ৮০

মূল্য: ১০০.০০ টাকা মাত্র

সকল যুগে পৃথিবীতে এমন কিছু মানুষ ছিলেন, যাঁদের হৃদয় ছিল আলোর প্রদীপ। তাদের হৃদয়ের আলো অন্যদেরও আলোকিত করেছে। তেমনই আলোকিত মানুষের একটি জামাতের নাম আকাবিরে দেওবন্দ।

তাদের আলো ছড়ানোর সামান্য বিবরণ দেওয়া হয়েছে এ কিতাবে। সুতরাং আলোর প্রত্যাশী সকলের অবশ্যপাঠ্য এ কিতাব।





রমযানুল মুবারকের সওগাত

মূল: হাকীমূল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. ও শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মাওলানা শরীফ মুহামাদ

পৃষ্ঠা : ১৭৬

মূল্য: ১৬০.০০ টাকা মাত্র

রহমত, মাগফেরাত ও নাজাতের বার্তা নিয়ে প্রতিবছর আগমন করে রমযানুল মুবারক। কীভাবে রমযান অতিবাহিত করলে রহমত, মাগফেরাত ও নাজাত লাভ হবে সে কথাই খুলে বলা হয়েছে এ গ্রন্থে।



মহানবী 🐲 যেভাবে নামায পড়তেন

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মাওলানা আব্দুল ওয়াদূদ

পৃষ্ঠা : ১৬

মূল্য: ২০.০০ টাকা মাত্র

নামাযসহ যে কোনো ইবাদত আল্লাহর দরবারে কবুল হওয়ার জন্য শর্ত হলো ইখলাস ও সুন্নাত। নামায আদায়কালে সুন্নাতের প্রতি উদাসীন হলে নামায ক্ষতিগ্রস্ত হয়। এ কিতাবে নামাযের শুরু থেকে শেষ

পর্যন্ত সুন্নাত মোতাবেক সকল কাজের কথা ধারাবাহিকভাবে বর্ণিত হয়েছে। সাথে সাথে ঐ সকল ক্রটি-বিচ্যুতি চিহ্নিত করা হয়েছে, যা সাধারণত নামায়ে আদায়কালে ঘটে থাকে।



বিবাহ ও তালাক

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ৮৮

মূল্য: ১০০.০০ টাকা মাত্র

যেরূপভাবে নামায একটি ইবাদাত, রোযা একটি ইবাদাত, যাকাত একটি ইবাদাত, হজ্ঞ একটি ইবাদাত, তদ্দ্রপ মুসলিম পুরুষ ও নারীর বিবাহও একটি ইবাদাত। অন্যান্য ইবাদাতের জন্য যেরূপ সুনির্ধারিত নিয়ম-নীতি

আছে, তদ্রপ বিয়ে-শাদীরও শরী'অত কর্তৃক সুনির্ধারিত নিয়ম-নীতি আছে। যে বিবাহ শরী'অত মুতাবেক হবে, সুন্নাত অনুযায়ী হবে, সেটা ইবাদাতরূপে গণ্য হবে। নেকী ও ছওয়াব লাভের মাধ্যম হবে। বরকত ও কল্যাণে পরিপূর্ণ হবে। পক্ষান্তরে যে বিবাহ সুন্নাতবিরোধী পস্থায় আঞ্জাম দেওয়া হবে, যদিও কোনো কোনো ক্ষেত্রে বিবাহ সংঘটিত হয়ে যাবে এবং স্বামী-স্ত্রী একে অপরের জন্য হালালও হবে, কিন্তু যে বরকত ও কল্যাণ শরী'অত ও সুন্নাহ্ মুতাবেক সম্পাদিত বিবাহের মধ্যে আল্লাহ পাক রেখেছেন তা থেকে এ বিবাহ শূন্য হবে।

কীভাবে বিবাহকে ইবাদাতে পরিণত করা যায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়েছে এই কিতাবে। সুতরাং শরী'অত ও সুন্নাত মুতাবেক বিয়ে-শাদী সম্পন্ন করে আল্লাহ পাকের সম্ভষ্টিলাভের জন্য এ কিতাব সকল মুসলিমের পড়া উচিত।

কুসংসর্গ মানুষের চরিত্র ধ্বংস করে

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন : পানি নরম বস্তু। অথচ সে তার সংস্পর্শের মাধ্যমে লোহাকে মরিচাযুক্ত বানিয়ে তার সূরত (আকৃতি) ও সীরাত (প্রকৃতিকে) খারাপ করে দেয়। ঠিক তদ্রুপ কুসংসর্গ মানুষের আখলাককে খারাপ করে দেয়। (মাজালিসে আবরার : ২০৬)



কুরআন-সুন্নাহর আলোকে পিতা–মাতার খেদমত

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ৩২

মূল্য: ৫০.০০ টাকা মাত্র

আল্লাহ তাআলার ইবাদতের পর পিতা-মাতার আনুগত্য সর্বাধিক গুরুত্বপূর্ণ এবং আল্লাহ তাআলার প্রতি কৃতজ্ঞ হওয়ার ন্যায় পিতা-মাতার প্রতি কৃতজ্ঞ

হওয়াও ওয়াজিব। সহীহ বুখারীর একটি হাদীছও এর পক্ষে সাক্ষ্য দেয়। হাদীছ শরীফে বর্ণিত হয়েছে, কোনো এক ব্যক্তি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রশ্ন করল, আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় কাজ কোনটি? তিনি বললেন, (মুস্তাহাব) সময় হলে নামায পড়া। সে আবার প্রশ্ন করল, এরপর কোন কাজটি সর্বাধিক প্রিয়? তিনি বললেন, পিতা-মাতার সাথে সদ্যবহার। (কুরভুবী)

পিতা–মাতার সাথে সদাচরণ করে কীভাবে দুনিয়ায় পরম শান্তি ও আখেরাতে জান্নাত লাভ হবে সে বিষয়টি এই পুস্তিকায় সংক্ষেপে আলোচনা করা হয়েছে।

পিতা-মাতার সাথে উত্তম আচরণ করো

আল্লাহ পাক বলেন,

(তরজমা) তোমার প্রতিপালক নির্দেশ দিয়েছেন যে, তাকে ছাড়া অন্য কারও ইবাদত করো না, পিতা-মাতার সাথে সদ্যবহার করো, পিতা-মাতার কোনও একজন কিংবা উভয়ে যদি তোমার কাছে বার্ধক্যে উপনীত হয়, তবে তাদেরকে উফ্ পর্যন্ত বলো না এবং তাদেরকে ধমক দিও না; বরং তাদের সাথে সম্মানজনক কথা বলো। এবং তাদের প্রতি মমতাপূর্ণ আচরণের সাথে তাদের সামনে নিজেকে বিনয়াবনত করো এবং দু'আ করো, হে আমার প্রতিপালক! তারা যেভাবে আমার শৈশবে আমাকে লালন-পালন করেছে, তেমনি আপনিও তাদের প্রতি রহমতের আচরণ করুন। (তাফসীরে তাওয়ীছল কুরআন, ২য় খণ্ড, সূরা বনী ইসরাঈল, আয়াত : ২৩-২৪, পৃষ্ঠা : ২৪১)



কুরআন-সুন্নাহর আলোকে **সামী-স্ত্রীর অধিকার**

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

অনুবাদ: মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ১০৪

মূল্য: ১২০.০০ টাকা মাত্র

স্বামী-স্ত্রীর আসল অবস্থান, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন হয়ে আমরা যখন (স্বামী-স্ত্রী) প্রত্যেকেই নিজ নিজ দায়িত্ব-কর্তব্য সুচারুরূপে আঞ্জাম দিবে, তখন ইনশাআল্লাহ সংসারজীবনের তিক্ততা দূরীভূত হয়ে

আমাদের পরিবার গৃহ হবে সার্বিক অর্থেই শান্তির নীড়। এ কথাটিই এই পুস্তকে সুন্দরভাবে বর্ণনা করা হয়েছে।



পারিবারিক কলহ ও তা নিরসনের উপায়

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ৮৮

মূল্য: ১০০.০০ টাকা মাত্র

পরিবার ও আত্মীয়তার বন্ধন আল্লাহ পাকের এক বিশেষ নি'আমত। কিন্তু যদি পরস্পরের লেনদেনে স্বচ্ছতা না থাকে তাহলে আত্মীয়তার পরিবর্তে শক্রতা সৃষ্টি হয়, যা এক সময় ভয়ংকর রূপ ধারণ করে পরস্পর সম্পর্ক নষ্ট করে দেয়।

আমাদের বর্তমান আয়োজন 'পারিবারিক কলহ ও তার নিরসনের উপায়' আমাদের মুহতারাম উস্তায শাইখল ইসলাম

হ্যরত মাওলানা মুফতী মুহাম্মাদ তাকী উসমানী দামাত বারাকাতুমের অমর কীর্তি। এ কিতাবে বর্ণিত বিষয়গুলো যদি আমরা মেনে চলতে পারি, তাহলে ইনশাআল্লাহ আমাদের সর্বপ্রকার পারিবারিক কলহ দূর হয়ে পরিবারের সদস্যদের মধ্যে মধুময় সম্পর্ক স্থাপিত হবে।





কুরআন-সুন্নাহর আলোকে সন্তানের লালন-পালন

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ৫৬

মূল্য: ৯০.০০ টাকা মাত্র

বর্তমানে সন্তান-সন্ততি নিয়ে পৃথিবীর প্রায় সকল মানুষই পেরেশান। যাদের সন্তান আছে তারাও পেরেশান যে, সন্তান অবাধ্য, উচ্ছুম্খল, চরিত্রহীন ও নিষ্কর্মা হয়ে

যাচেছ। আর যাদের সন্তান নেই তারাও সন্তান না থাকার কারণে পেরেশান। কেউ কেউ তো সন্তানলাভের আশায় এমন এমন উপায় অবলম্বন করে যা কেবল দ্বীন ও শরী আতের দৃষ্টিতেই নয়, বরং বিবেক-বুদ্ধির দিক থেকেও গর্হিত ও ন্যক্কারজনক। আবার কারো কারো অভিযোগ হলো, আমাদের সন্তান কেন নষ্ট হয়ে যায়। সন্তান গড়ে ওঠা বা বিগড়ে যাওয়া সম্পূর্ণরূপে নির্ভর করে বাবা-মার উপর। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, (তরজমা) "প্রতিটি শিশুই দ্বীনে ফিৎরত (তথা ইসলাম) নিয়ে জন্মগ্রহণ করে, তার বাবা-মা-ই তাকে ইয়াহুদী বানায়, খৃষ্টান বানায়, অগ্নিপুজক বানায়।"

কাজেই সন্তানকে আদর্শ মুসলিম ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে হলে, তার হকসমূহ যথাযথভাবে আদায় করতে হবে। এ দায়িত্ব কীভাবে সুচারুরূপে পালন করে সন্তান-সন্ততিকে সত্যিকারের মানুষরূপে গড়ে তোলা যায় সেই সম্পর্কেই এ বইতে আলোচনা করা হয়েছে।

সন্তান-সন্ততির জন্য দু'আ

(তরজমা) এবং যারা (এই) বলে (দুআ করে যে), হে আমাদের প্রতিপালক! আমাদেরকে আমাদের স্ত্রী ও সন্তানদের পক্ষ হতে দান কর নয়নপ্রীতি এবং আমাদের মুক্তাকীদের নেতা বানাও। (তাফসীরে তাওয়ীহুল কুরআন, ২য় খণ্ড, সূরা ফুরকান, আয়াত : ৭৪, পৃষ্ঠা : ৪৯১)



কুরআন-সুন্নাহ্র আলোকে পরিবার ব্যবস্থা

মূল: শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী অনুবাদ: মাওলানা আবুল বাশার মুহাম্মাদ সাইফুল ইসলাম

পৃষ্ঠা : ৪০

মূল্য: ৫০ টাকা মাত্র

ইসলামী সমাজে পরিবার ব্যবস্থার গুরুত্ব অনেক। তবে পরিবার ব্যবস্থা রক্ষা করার জন্য পরিবারের সকল সদস্যকেই যার যার দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে

পালন করতে হয় এবং পরস্পারের যে সকল হক ও

অধিকার অর্থাৎ দায়িত্ব ও কর্তব্য আছে তাও যথাযথভাবে পালন করলেই কেবল পরিবার টিকে থাকে এবং এ পরিবারই হয় পৃথিবীর জান্নাত। কিন্তু যদি পরিবারের সদস্যগণ স্বার্থান্ধ হয়ে কেবল নিজের অধিকার আদায়ে ব্যস্ত হয়ে পড়ে তাহলে সেই পরিবারই হয় পৃথিবীর জাহান্নাম। এ বিষয়টিকে সুন্দরভাবে গুছিয়ে পেশ করা হয়েছে এ কিতাবে।

মুসলমানের খেদমত করা ইবাদত যদি তার ফলে শরীয়তবিরোধী কিছু না হয়

হযরত থানভী রহ. বলেন, আমি মুসলমানের খেদমত করাকে নিজের জন্যে ইবাদত এবং সৌভাগ্যের উপকরণ মনে করি। যদি তাতে শরীয়তবিরোধী কিছু না থাকে তখন। (যেমন সুপারিশ দ্বারা যার বরাবর সুপারিশ করা হলো তার যদি কষ্ট হয় তাহলে সে ক্ষেত্রে সুপারিশ করা থেকে বিরত থাকি।)

(কামালাতে আশরাফিয়া, পৃষ্ঠা : ১৭০)



মুহিউস সুনাহ্ রহ.-এর দ্বীনী সংস্কার

আ'মালুস সুনাহ

সংকলন : মুফতী মনসূরুল হক

পৃষ্ঠা : ২৮৮

মূল্য: ২৩০.০০ টাকা মাত্র

হযরত থানভী রহ.-এর সর্বশেষ খলীফা মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক ছাহেব রহ.-এর সমাজ-সংস্কারমূলক প্রচারপত্রের আলোকে রচিত। এ কিতাবে ঈমান-আকীদা, ইবাদাত অর্থাৎ, নামায, রোযা,

হজ্জ, কুরবানী, যাকাত ইত্যাদি হুকুকুল ইবাদসহ, প্রায় সকল দ্বীনী বিষয়ে, সমাজে প্রচলিত ভুল বিষয়সমূহ চিহ্নিত করে তার প্রতিকার বাতলে দেওয়া হয়েছে। এ কিতাব সকল দাওয়াতকর্মীর জন্য গাইড-বুক স্বরূপ।



ফাতাওয়ায়ে রাহমানিয়া

[১ম ও ২য় খণ্ড]

সংকলন : মুফতী মনসূরুল হক

পৃষ্ঠা : ৫১২ (প্রথম খণ্ড), ৪৮০ (দ্বিতীয় খণ্ড)

মূল্য: ৭৬০.০০ টাকা মাত্র (পূর্ণ সেট)

দারুল ইফতা-জামি'আ রাহমানিয়া আরাবিয়া থেকে প্রদন্ত, মাসিক রাহমানী প্রগামে প্রকাশিত, আকাইদ, ইবাদাত, মু'আমালাত, মু'আশারাত ও আখলাকসহ অন্যান্য অতি জরুরি বিষয় সম্পর্কিত

গুরুত্বপূর্ণ ফাতাওয়াসমূহের সুবিন্যস্ত সংকলন, যা সমকালীন সমস্যা ও প্রশ্লাবলির যুগোপযোগী যথাযথ উত্তর ও সমাধানরূপে পাঠকবৃন্দের নিকট সমাদৃত হয়েছে।



কিতাবুস সুন্নাহ

সংকলন : মুফতী মনসূরুল হক

পৃষ্ঠা : ১৯২

মূল্য: ১৭০.০০ টাকা মাত্র

বাংলাদেশের বিখ্যাত আলেম হযরত মাওলানা মুফতী মনসূরুল হক ছাহেব দামাত বারাকাতুহুম-এর সংকলিত ৫টি কিতাব [১. নবীজীর স. সুন্নাত ২. মাসনূন দুআ ও দরূদ ৩. নামায শিক্ষা ও ইমামগণের জিম্মাদারী ৪. শরয়ী পর্দা ৫. জীবনের শেষ দিন]-এর সমন্বিতরূপ—কিতাবুস সুন্নাহ।



কিতাবুল ঈমান

সংকলন : মুফতী মনসূরুল হক


পৃষ্ঠা : ১৭৬

মূল্য: ১৬০ টাকা মাত্র

মুমিনের সবচেয়ে বড় সম্পদ হলো ঈমান ও আকীদা। ঈমান-আকীদা সহীহ করা ব্যতীত মুক্তির কোনো পথ নেই। ঈমানের ব্যাপারে কোনোপ্রকার অজ্ঞতা, অস্পষ্টতা, দুর্বলতা গ্রহণযোগ্য নয়। কাজেই ঈমান-আকীদা সম্পর্কে সহীহ জ্ঞান অর্জন করে ঈমানকে

মজবুত করা যেমন প্রত্যেক মুসলমানের দায়িত্ব, তদ্রাপ ঈমানবিধ্বংসী বিষয়গুলো সম্পর্কে সম্যক অবগতি লাভ করে তা থেকে আত্মরক্ষা করাও অত্যন্ত জরুরি। কিতাবুল ঈমানে মূলত এ দুটি বিষয়ই বিস্তারিতভাবে সন্নিবেশিত হয়েছে। সুতরাং প্রত্যেক মুসলমানের জন্য এ কিতাবটি পাঠ করা অপরিহার্য।





কুরআন ও সুন্নাহ্র আলোকে ইসলামী যিন্দেগী

সংকলন: মুফতী মনসূরুল হক

পৃষ্ঠা : ৮৯৬

মূল্য: ৬৪০.০০ টাকা মাত্র

"ইসলামী যিন্দেগীর গুরুত্বপূর্ণ পাঁচটি বিভাগ হলো, আকাইদ, ইবাদত, মু'আমালাত, মু'আশারাত ও আখলাক। প্রত্যেক মুসলমানের জন্য এ পাঁচটি বিভাগের সবগুলো বিষয়ের প্রতি মনোযোগী ও যত্নবান হওয়ার

বিধানও ইসলামের। স্বল্প জ্ঞান, ভুল ধারণা, অবহেলা এবং অজ্ঞতার কারণে এ বিষয়ে, বর্তমান মুসলিমসমাজে ব্যাপক অমনোযোগিতা ও উদাসীনতা লক্ষ করা যায়। এরই ফলে ধর্মীয়, সামাজিক ও ব্যক্তিজীবনের নানা ক্ষেত্রে প্রতিনিয়ত আমরা অবক্ষয় ও অধঃপতনের শিকার হচ্ছি। সতর্ক না হলে এ ধ্বংসাতাক উদাসীনতা পরকালেও ভয়ংকর বিপদ ও শাস্তির কারণ হতে পারে। এ বিষয়ে যথার্থ অবগতি ও ধারণালাভ এবং সে অনুযায়ী আমলে যত্নবান হওয়াই আমাদের সকলের জন্য কামিয়াবির দরজা উন্মুক্ত করতে পারে।

এ জন্যই এই বৃহৎ গ্রন্থে লেখক ঈমান, ইবাদাত, মু'আমালাত, মু'আশারাত, আখলাক, দাওয়াত, জিহাদ, তারবিয়াত, মুসলমানের করণীয় ও বর্জনীয়, শান্তি ও মুক্তির পথ ও মুসলমানের হারানো গৌরব পুনরুদ্ধারের পন্থাসহ প্রয়োজনীয় সকল বিষয়ের বিস্তারিত বিবরণ কুরআন-সুন্নাহ্র আলোকে তুলে ধরেছেন। এ গ্রন্থ ইতোমধ্যেই এদেশের শিক্ষিতসমাজে ব্যাপক সাড়া জাগিয়েছে।

আত্মশুদ্ধির জন্য জীবিত শাইখ শর্ত

হ্যরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন : বুযুর্গদের কবর দ্বারা শ্রেফ নিসবত শক্তিশালী হয়। ইসলাহ হয় না। ইসলাহ তো যিন্দা শাইখের মাধ্যমেই হতে পারে। (মাজালিসে আবরার, পৃষ্ঠা: ১৪৭)



ইসলামী খেলাফত ধ্বংসের প্রকৃত ইতিহাস ও কারবালার সঠিক ইতিহাস

সংকলন: মুফতী মনসূরুল হক

পষ্ঠা : ১৭৬

মূল্য: ১৬০ টাকা মাত্র

'ইসলামী খেলাফত ধ্বংসের প্রকৃত ইতিহাস ও কারবালার সঠিক ইতিহাস' নামক কিতাবের বিশেষ কয়েকটি শিরোনাম

যুগে যুগে ইয়াহুদী খৃষ্টচক্রের ষড়যন্ত্র, ইবনে সাবার ষড়যন্ত্রের প্রথম পর্ব, ষড়যন্ত্রের দ্বিতীয় পর্ব: সাবায়ীদের চাপের মুখে হযরত আলী রাযি.-এর খিলাফাতের দায়িত্বভার গ্রহণ, জঙ্গে জামাল: মুসলিম ইতিহাসের মর্মান্তিক ট্র্যাজেডি, জঙ্গে সিফফীন: মুসলিমবিশ্বকে স্থায়ীভাবে বিভক্ত করে রাখার আত্মঘাতী ষড়যন্ত্র, হযরত মু'আবিয়া রাযি.-এর কীর্তিগাথা: শাসনামল, কারবালার সঠিক ইতিহাস, কুরআন-সুন্নাহ্র আলোকে সাহাবায়ে কিরামের মাকাম ও তাদের অধিকার, বর্তমান প্রেক্ষাপট: ইয়াহুদী খৃষ্টানদের ষড়যন্ত্রের স্বরূপ। এ ধরনের বিষয়ই এ কিতাবের প্রতিপাদ্য। এ কিতাব পাঠে ইসলামী ইতিহাসের অনেক জটিল বিষয়ের সরল সমাধান ও ব্যাখ্যা সম্পর্কে অবগতি লাভ করা যাবে। ইনশাআল্লাহ্!

আমাদের আসল গন্তব্যস্থল

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন: মৃত্যুর নাম শুনলে মানুষেরা ভয় পায়। এজন্য এভাবে বলা উচিত—অমুক ব্যক্তি তার আসল বাড়ি গিয়েছে। কবরস্থান হলো আসল বাড়ির স্টেশন। আর আসল বাড়ির গাড়ি হলো কবর। আমার (মেয়ের ঘরের) নাতি ছোট। যখন কয়েক দিন কবরস্থান যায় না তখন আমার নিকট আবদার করে বলে—নানা! আপনি জান্নাতের স্টেশনে কবে যাবেন?

(মাজালিসে আবরার, পৃষ্ঠা: ১৪৭)



সন্তানের শ্রেষ্ঠ উপহার

রচনা : মুফতী মনসূরুল হক

शृष्ठी : ४०

মূল্য: ৯০ টাকা মাত্র

সন্তান-সন্ততি মানবজীবনে আল্লাহ পাকের পক্ষ হতে পরীক্ষার বস্তু। যদি তাদের দ্বীনী শিক্ষা দিয়ে আল্লাহ পাকের অনুগত, মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসারীরূপে গড়ে তোলা যায়, তাহলে এ সন্তান-সন্ততিই আল্লাহ পাকের রহমত ও নি'আমত হিসেবে পার্থিব ও পারলৌকিক জীবনে মহামূল্যবান সম্পদ বলে গণ্য হয়ে

বান্দার সৌভাগ্য ও সফলতার প্রতীক হয়। পক্ষান্তরে সন্তানকে ঈমানদাররূপে গড়ে তুলতে ব্যর্থ হলে তারা মা-বাবার জন্য উভয় জগতে অভিশাপরূপে সামনে আসে। সন্তান-সন্ততিকে কীভাবে সত্যিকারের আদর্শ মুসলিম হিসেবে গড়ে তোলা যায় এ সম্পর্কে এই কিতাবে সুন্দরভাবে আলোচনা করা হয়েছে।




কুরআন ও হাদীসের আলোকে মওদুদী মতবাদ

সংলকন: মুফতী মনসূরুল হক

পৃষ্ঠা : ৩২

মূল্য : ৩০ টাকা মাত্র



বিভিন্ন ধর্মগ্রন্থে মহানবী হযরত মুহাম্মাদ 🍇

সংকলন : মুফতী মনসূরুল হক

शृष्ठी : ४०

মূল্য: ১০০ টাকা মাত্র

ইসলাম যে আল্লাহর মনোনীত একমাত্র ধর্ম এবং ইসলামের নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে সর্বশেষ এবং সর্বশ্রেষ্ঠ নবী, সেটা শুধু মহাগ্রন্থ কুরআনে কারীমই বলেনি, বরং পৃথিবীর প্রতিটি ধর্মগ্রন্থেই এর বিশদ বিবরণ পাওয়া যায়। সহজে বলা যায়, ইসলামপূর্ব যত নবী-রাসূল পৃথিবীর বুকে আগমন


করেছেন তাদের প্রত্যেকেই মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শ্রেষ্ঠত্বকে একবাক্যে স্বীকার করেছেন এবং নিজ নিজ উম্মতদের বলেছেন, "যদি তোমরা প্রকৃত অর্থে আমার অনুসারী হয়ে থাকো তবে শেষনবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন আগমন করবেন তখন তোমরা তার আনুগত্যে নিজেদের একাকার করে দেবে।" বিভিন্ন ধর্মগ্রন্থে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে যে বিস্ময়কর বিবরণ রয়েছে তারই গ্রন্থিত রূপ এই কিতাব।

পদ-মর্যাদার মোহই ঝগড়া-ফাসাদের মূল

হ্যরতওয়ালা মুহিউস সুন্নাহ রহ. বলেন : বর্তমানকালে ঝগড়া-ফাসাদের মূল কারণ হলো পদ-মর্যাদার মোহ। প্রত্যেক ব্যক্তি বড় হওয়ার চেষ্টা করছে! ইমাম হওয়ার ক্ষেত্রে ঝগড়া হয় কিন্তু মুকতাদী হওয়ার ক্ষেত্রে ঝগড়া হয় না। (মাজালিসে আবরার : ১৬৫)

জামাআতে ইসলামীর প্রতিষ্ঠাতা মওদুদী সাহেবের চিন্তাধারাকে উলামায়ে কিরাম নিয়মিতই ভ্রান্ত ও গোমরাহ বলে থাকেন, এর আসল কারণ কী? সঠিক ইসলামী চিন্তাধারার সাথে মওদুদী চিন্তাধারার মৌলিক সংঘাতগুলো কী কী? নির্ভরযোগ্য প্রমাণসহ তা এই কিতাবে অতি সংক্ষেপে বর্ণনা করা হয়েছে। সূতরাং এই ফেতনা থেকে আতারক্ষার জন্য সকলেরই এ বই পড়া জরুরি।





হাদীসে রাসূল 🕮

সংকলন: মুফতী মনসূরুল হক

পৃষ্ঠা : ১২৮

মূল্য: ১২০ টাকা মাত্র

মাযহাববিরোধী সম্প্রদায় এবং আদর্শহীন একটি রাজনৈতিক মতের অনুসারী ও বিদআতপন্থীদের আজকাল একটি ব্যাপারে খুবই তৎপর দেখা যায়। আর তা হলো হানাফী মাযহাবের অনুসারীদের ঈমান-আকীদাসহ ইসলামের বিভিন্ন বিষয়ে সন্দেহপ্রবণ

বানানোর অব্যাহত অপচেষ্টা। বিশেষত নিয়মিত নামাযীদের নামাযের ঐ সকল বিষয়ে সন্দেহপ্রবণ করে তোলা, যেসব বিষয়ে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে একাধিক পদ্ধতি প্রমাণিত থাকার কারণে বিভিন্ন মাযহাবে বিভিন্ন পদ্ধতি অনুসৃত হয়। এ ব্যাপারে তারা এত বেশি বাড়াবাড়ি শুরু করেছে যে, এখন যদি হক্কানী উলামায়ে কেরাম কিছু না করেন, তাহলে তা দায়িত্বে অবহেলার পর্যায়ে চলে যাবে।

এই দায়িত্বপালনের ক্ষুদ্র প্রয়াস হিসাবে কলম ধরেছেন এ দেশের বরেণ্য আলেমে দ্বীন মুফতী মনসূরুল হক ছাহেব দামাত বারাকাতুহুম।

তিনি এ কিতাবে হানাফী মাযহাবের দলীলসমূহ উপস্থাপন করে, এ কথা প্রমাণ করেছেন যে, মাযহাববিরোধীদের অপপ্রচার কেবল তাদের দ্বীন থেকে দূরে সরিয়ে দিচ্ছে তা-ই নয়। বরং কোনো কোনো ক্ষেত্রে তারা দ্বীনবিরোধী চক্রের হাতিয়ার হিসাবে ব্যবহৃত হচ্ছেন। তাদের অপরিণামদর্শী অপতৎপরতা মুসলিমসমাজের ঐক্যের ক্ষেত্রে মারাত্মক বাধা সৃষ্টি করছে এবং ইসলামবিরোধীদের এজেন্ডা বাস্তবায়নের পথ করে দিচ্ছে। সংকলক এ কিতাবে হানাফী মাযহাবের প্রায় সকল মাসয়ালাই কুরআন-সুন্নাহ্র দলীল-প্রমাণ সিদ্ধ হওয়াটাও জোরালোভাবে প্রমাণিত করেছেন।



সহীহ হাদীসের আলোকে

তারাবীর রাকাআত সংখ্যা ও ঈদের নামায

সংকলন: মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক

পৃষ্ঠা : ৪৮

মূল্য: ৪০.০০ টাকা মাত্র

সম্প্রতি একশ্রেণির মানুষ কিছু পরিত্যক্ত ও বিরল বর্ণনার সাহায্য নিয়ে ইসলামের স্বতঃসিদ্ধ বিষয় ও মাসআলা-মাসায়েল সম্পর্কে বিভ্রান্তি ছড়ানোর প্রয়াস চালাচ্ছে। তারাবীর রাকাআত ও ঈদের নামাযের তাকবীর নিয়েও বিভ্রান্তি ছড়াচ্ছে। এ কিতাবে নির্ভরযোগ্য হাদীস ও

আছারের আলোকে তারাবীর রাকাআত সংখ্যা ও ঈদের নামাযের তাকবীর সংখ্যার কথা বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে।



তালিবানে ইলমের রাহে মান্যিল

রচনা : মাওলানা মুহাম্মাদ মনযূর নোমানী রহ. মাওলানা আবু তাহের মেছবাহ মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক

পৃষ্ঠা : ৬৪

মূল্য: ৯০.০০ টাকা মাত্র

দ্বীনী মাদরাসার ছাত্র ও শিক্ষকদের রাহনূমাস্বরূপ এই সংক্ষিপ্ত পুস্তিকায় তালেবে ইলমের পরিচয় ও মর্যাদা, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সারগর্ভ বিস্তারিত আলোচনা করা হয়েছে, যা প্রত্যেক তালেবে ইলমের জন্য অবশ্যপাঠ্য। আশা করা

যায় এ কিতাব পাঠে তালিবুল ইলমগণ নিজ গন্তব্যের স্বচ্ছ ধারণা লাভ করবে। লাভ করবে কাঞ্জিত গন্তব্যে পৌঁছার অব্যাহত চেষ্টার প্রেরণা।





হাদীস ও সুন্নাহয় নামাযের পদ্ধতি

ইমাম আরু হানীফা রহ. হাদীস থেকে যেভাবে নামায আহরণ করেছেন

সংকলন: মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক

পৃষ্ঠা : ৩২

মূল্য: ৩০.০০ টাকা মাত্র

শত-সহস্র বছর যাবৎ ইমাম আযম ইমাম আবু হানীফা রহ.-এর ফিক্হ-এর অনুসরণ করে পৃথিবীর সর্বাধিক সংখ্যক মুসলিম মাসনূন তরীকায় নামায আদায় করে আসছেন। সম্প্রতি কোনো কোনো মহল থেকে তাকে ভিত্তিহীন ও সুনাহবিরোধী নামাযরূপে আখ্যায়িত করার

একটি ভয়াবহ অপচেষ্টা চালানো হচ্ছে। এ কথার বিস্তারিত উত্তর ও হানাফী মাযহাবের অনুসারীদের নামায সম্পূর্ণরূপে হাদীস ও সুন্নাহসম্মত হওয়া প্রামাণিকভাবে এ পুস্তিকায় উপস্থাপন করা হয়েছে।




ঈমান সবার আগে

রচনা: মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক আমীনুত তালীম: মারকাযুদ দাওয়াহ্ আলইসলামিয়া ঢাকা

পৃষ্ঠা : ৭২

মূল্য: ৯০/- বোর্ড বাঁধাই- ৬০/- সাধারণ বাঁধাই- টাকা মাত্র



কুরআন ও সুনাহ্র আলোকে উমরী কাযা

সংকলন: মাওলানা মুহাম্মাদ যাকারিয়া আব্দুল্লাহ

পৃষ্ঠা: ১৬, মূল্য: ২০.০০ টাকা মাত্র

নামায নির্ধারিত ওয়াক্তের মধ্যে না পড়ে পরবর্তী সময়ে পড়লে তা কাযা নামায। কুরআন-হাদীসে যেমন যথাসময়ে নামায আদায়ের আদেশ করা হয়েছে, তেমনি সময়মতো আদায় না হলে তা পরে পডারও তাকিদ করা হয়েছে। তাই যুগ যুগ ধরে মুহাদ্দিস ও ফকীহগণ এ শিক্ষাই দিয়ে গেছেন। মাসআলাটি এত প্রসিদ্ধ যে

সাধারণ মুসলিমসমাজও এ সম্পর্কে অবগত। কিন্তু ইদানীং এ নিয়ে নতুন বিভ্রান্তির শুরু হয়েছে। কেউ কেউ প্রচার করছে নতুন নতুন মত। ইচ্ছাকৃতভাবে নামায ছেড়ে দিলে তার কাষা নেই, এমন বক্তব্য প্রচার হয়েছে কোনো কোনো গণমাধ্যমেও। সংগত কারণেই বিভ্রান্ত মুসলিমসমাজ। এবং এ নিয়ে ব্যাপক জিজ্ঞাসা আসছে ফাতওয়া বিভাগগুলোতে। বক্ষ্যমাণ নিবন্ধে এ বিষয়ে দলীলভিত্তিক বিশ্লেষণ করা হয়েছে। সকলের বোধগম্য করার স্বার্থে এর শিরোনাম দেওয়া হয়েছে 'উমরী কাযা'।

ঈমান ও আকীদা ইসলামের পঞ্চবুনিয়াদের প্রধান। ঈমানের অবর্তমানে কোনো আমলই আল্লাহ পাকের দরবারে কবুল হয় না। এ জন্যই "ঈমান সবার আগে" প্রয়োজন। ঈমান-আকীদার বিষয়সমূহ যথাযথভাবে জেনে অন্তরে দৃঢ়ভাবে বিশ্বাস করা, মুখে স্বীকার করা ও অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গের মাধ্যমে তা বাস্তবায়ন করার নামই ঈমান। অথচ এ ঈমান ও আকীদার ব্যাপারেই আমাদের অবহেলা সবচেয়ে বেশি। আমাদের দ্বীনী আলোচনার মজলিসগুলোতে আমরা বিভিন্ন আমলের ফ্যীলত ও বিভিন্ন বুযুর্গের কাশ্ফ-কারামতের ঘটনার আলোচনা তো অত্যন্ত আগ্রহের সাথে করে এবং শুনে থাকি, কিন্তু ঈ্মান-আকীদার মতো অতি গুরুত্বপূর্ণ মৌলিক বিষয়াবলির আলোচনা থেকে তা থাকে একেবারে শূন্য। যার ভয়াবহ পরিণতি আমরা আমাদের সমাজের সর্বত্র প্রত্যক্ষ করি প্রতিনিয়ত। আমাদের প্রায়

সকল শ্রেণির মুসলমানদের দৈনন্দিন জীবনাচারে এমন অনেক কিছুই প্রকাশ পায় যা সরাসরি ঈমানবিধ্বংসী। সুতরাং ঈমানসম্পর্কিত জরুরি বিষয়াবলি জেনে তা মেনে চলা এবং ঈমানবিধ্বংসী বিষয়াবলি জেনে তা থেকে আতারক্ষা করাই প্রতিটি মুসলমানের প্রধান দায়িত। এ বিষয়টি এ কিতাবে স্পষ্টভাবে আলোচনা করা হয়েছে।





হাদীস ও সুনাহ্য় কাবলাল জুমা

সংকলন: মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক

পৃষ্ঠা : ২৪, মূল্য : ৩০ টাকা মাত্র

যেসব বিষয় উম্মাহর মাঝে প্রতিষ্ঠিত ও শক্তিশালী দলীল দ্বারা প্রমাণিত হওয়া সত্ত্বেও বর্তমান সময়ে অপপ্রচারের শিকার তার একটি হচ্ছে জ্বমার আগের সুরাত।

আল্লাহ তাআলা জাযায়ে খায়ের দান করুন ইমাম যায়নুদ্দীন ইবনে রজব হাম্বলী রহ.কে (৭৯৫ হি.), যাঁর তালীমের সূত্র ইমাম ইবনুল কাইয়েম রহ. (৭৫১ হি.) ও

ইমাম ইবনে তাইমিয়া রহ. (৭২৮ হি.)-এর সাথে যুক্ত, তিনি এ বিষয়ে দুটি পুস্তক রচনা করেন:

١. نَفْيُ الْبِدُعَةِ عَنِ الصَّلَاةِ قَبْلَ الْجُمُعَةِ ٢. إِزَالَةُ الشُّنْعَةِ عَنِ الصَّلَاةِ قَبْلَ الْجُمُعَةِ

এ দুটি পুস্তিকায় তিনি সুস্পষ্ট দলীল-প্রমাণ দ্বারা ঐ অভিনব দাবি জোরালোভাবে খণ্ডন করেন।

অনেকগুলো সহীহ হাদীসে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নির্দেশনা আছে, জুমার জন্য যেন আগে আগে যাওয়া হয়, মসজিদে পৌঁছে যদি দেখা যায়, ইমাম খুতবার জন্য আসেননি তাহলে নামায পড়বে, ইমাম এসে গেলে চুপচাপ বসে খুতবা শুনবে।

খাইরুল কুরান থেকে মুসলমানদের এ আমল চলে আসছে যে, তাঁরা জুমার আগের নফল নামায 'যাওয়ালে শামস' বা সূর্য ঢলে যাওয়ার আগেও পড়তেন আবার পরেও পড়তেন, কিন্তু এই চার রাকাত পড়তেন সূর্য ঢলে যাওয়ার পরে। আর এরই নাম 'কাবলাল জুমা' বা 'জুমার আগের সুনাত'।

সুতরাং 'কাবলাল জুমা' তথা জুমার পূর্বের সুন্নাত, যা হাদীস ও সুনাহ দ্বারা প্রমাণিত, তাকে বিদআত বলা একান্তই গোমরাহী।



তাসাওউফ তত্ত্ব ও বিশ্লেষণ

মূল: মুফতী মাহমূদ আশরাফ উসমানী ও মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক

অনুবাদ : মাওলানা মুতীউর রহমান

পৃষ্ঠা : ৩০৪

মূল্য: ৩০০.০০ টাকা মাত্র

তাসাওউফ ও আত্মশুদ্ধির সঠিক রূপরেখা এবং প্রাসঙ্গিক বহু জটিল প্রশ্নের উত্তর সম্বলিত এক অসাধারণ গ্রন্থ, যা

ইতোমধ্যে দেশের বিশ্ববিদ্যালয়সমূহে ইসলামিক স্টাডিজ বিভাগের রেফারেন্স বুক হিসাবে তালিকাভুক্ত হয়েছে। সাথে সাথে পীর-মাশায়েখ ও সালেকীনদের গাইড বুক হিসাবেও স্বীকৃতি লাভ করেছে।



তালিবানে ইলম: পথ ও পাথেয় তালিবে ইলমের আত্মোপলব্ধি ও জীবনগঠনের জন্য

রচনা: মাওলানা মুহাম্মাদ আবদুল মালেক

পৃষ্ঠা : ৬০০

মূল্য: ৫২০.০০ টাকা মাত্র

মারকাযুদ দাওয়াহ আলইসলামিয়ার মুখপত্র 'মাসিক আলকাউসার'-এর 'শিক্ষার্থীদের পাতা' বিভাগে প্রকাশিত মাওলানা মুহাম্মাদ আব্দুল মালেক ছাহেবের নিবন্ধ, নির্দেশনা ও প্রশ্নোত্তরের সংকলন, যা সকল স্তরের তালিবে ইলম ও আসাতেযায়ে কেরামের জন্য ইলমী, আমলী ও আখলাকী রাহনূমা হিসাবে গণ্য হচ্ছে। আলহামদূলিল্লাহ।



কুরআন ও সহীহ্ হাদীসের আলোকে নবীজীর ﷺ মে'রাজ

মূল: মুফতী মুহাম্মাদ শফী রহ. ও

শাইখুল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

সংকলন ও অনুবাদ : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ৭২

মূল্য: ৮০.০০ টাকা মাত্র

ইসরা বা মে'রাজ মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একটি গুরুত্বপূর্ণ মু'জিযা, যা মুমিনের

ঈমানের অংশ। কিন্তু আমাদের সমাজে মে'রাজ সম্পর্কে ভিত্তিহীন ও বিদ্রান্তিকর অনেক কথা প্রচলিত রয়েছে। এ কিতাবে কুরআন ও হাদীসের আলোকে মে'রাজের মৌলিক বিষয় ও শিক্ষা সুন্দরভাবে উপস্থাপন করা হয়েছে।



শবে বরাত : করণীয় ও বর্জনীয়

সংকলন ও সম্পাদনা : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পृष्ठा : 80

মূল্য : ৫০ টাকা মাত্র

আল্লাহ পাক বছরের কোনো কোনো সময়কে অন্যান্য সময়ের উপর শ্রেষ্ঠত্ব দিয়েছেন। সে সকল সময়ে বান্দা অল্প মেহনতেই অনেক বেশি সওয়াব অর্জন করতে পারে। সে সকল বরকতময় সময়ের মধ্যে 'শবে বরাত' অন্যতম। কিন্তু এই বরকতময় সময়ে শয়তান বিভিন্ন বিদ্যাত ও কুপ্রথার প্রচলন ঘটিয়ে মানুষকে এর বরকত

থেকে বঞ্চিত করার চেষ্টা করে থাকে। সূতরাং এ সকল বরকতময় সময়ে সর্বপ্রকার বিদআত ও কুপ্রথা থেকে আত্মরক্ষা করে ইবাদত-বন্দেগীর মাধ্যমে আখেরাতের সঞ্চয় করা প্রতিটি মুমিনের জন্য অপরিহার্য। এ বইতে এ বিষয়েই রাহনুমায়ী করা হয়েছে।



রমযানুল মুবারকের উপহার

সংকলন ও সম্পাদনা : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ৬৪

মূল্য : ৬০ টাকা মাত্র

রমযানুল মুবারকের প্রতিটি মুহুর্তের সর্বোচ্চ সদ্যবহার করাই বুদ্ধিমান ঈমানদারের কাজ। রমযানের সময়গুলোকে কোন কাজে কীভাবে ব্যবহার করলে সর্বোচ্চ সদ্যবহার হবে, রমযান আসার পূর্বেই তা জেনে নেওয়া সকল ঈমানদারের দায়িত। অনেক সময়

মাসয়ালা না জানার কারণে অনেক কষ্ট করেও সওয়াব থেকে মানুষ বঞ্চিত হয়। আর মাসয়ালা জানা থাকলে অল্প পরিশ্রমে সহজেই বিশাল সওয়াব লাভ করা যায়।

রমযানের রোযার আসল উদ্দেশ্য হলো তাকওয়া অর্জন করা। আর তাকওয়া বলা হয়, "আল্লাহর ভয়ে আল্লাহ কর্তৃক নিষিদ্ধ বিষয় পরিহার করাকে।" কিন্তু আমাদের সমাজের বহু রোযাদার রোযা রেখেও রোযার দাবিকে উপেক্ষা করে গোনাহে লিপ্ত হয়ে রোযার ফ্যীলত, বরকত ও সওয়াব থেকে বঞ্চিত হয়। এ সকল বিষয়ই এ কিতাবে সংক্ষেপে অতি সুন্দরভাবে উপস্থাপন করা হয়েছে। বিশেষত রম্যান ও রোযা বিষয়ক প্রয়োজনীয় বহু আধুনিক মাসয়ালা-মাসায়েল এ কিতাবে নির্ভরযোগ্য সূত্রে বর্ণিত হয়েছে। যা রম্যানে প্রায়ই প্রয়োজন পড়ে।

প্রত্যেকের রিযিক তাকে অনুসন্ধান করে

হযরতওয়ালা মুহিউস সুন্নাহ (রহ.) বলেন: হাদীসে পাকে ইরশাদ হয়েছে- "তোমাদের ঐ সময় পর্যন্ত মৃত্যু আসবে না যতক্ষণ তোমরা তোমাদের রিষিক পুরোপুরি উপভোগ না করবে।" বোঝা গেল যে, রিষিক নিজেই মানুষকে খোঁজ করে। তাই তো দেখুন, টিকটিকির পাখা নেই অথচ পতঙ্গরা নিজেরাই উড়ে উড়ে তার নিকট পোঁছে যায়। (মাজালিসে আবরার: ১৬৯)





ঈদবার্তা

সংকলন ও সম্পাদনা : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ৫৬

মূল্য: ৫০ টাকা মাত্র

রমযানুল মুবারক ও ঈদুল ফিতর-এর আদর্শ পয়গাম, দ্বীনী মেযাজে আধুনিক আঙ্গিকে প্রিয়জনের নিকট পৌছে দেওয়ার মানসে এবং অপচয়ভিত্তিক (কোনো কোনো ক্ষেত্রে অশ্লীলতা ও নগ্নতার ছড়াছড়ি) ঈদকার্ডনির্ভর ঈদ সংস্কৃতিতে দ্বীনভিত্তিক ও তাকওয়ানির্ভর করে ইসলামী

শরী 'আত প্রদত্ত ঈদের সত্যিকার রূপ-বৈশিষ্ট্য এবং ইসলামী ঈদের সুদূর ও প্রসারী রহানী প্রগাম প্রিয়জনের নিকট পৌছে দেওয়ার মাধ্যমে, তাঁদের কষ্টার্জিত সওয়াবের হেফাজত করে নিজেরাও সওয়াব অর্জন করা এই বইয়ের উদ্দেশ্য।



কুরবানীর ফাযায়েল ও মাসায়েল

সংকলন ও সম্পাদনা : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ৪৮

মূল্য: ৫০ টাকা মাত্র



কওমী মাদরাসা কি ও কেন?

সংকলন (১ম অংশ) : মাওলানা মুহাম্মাদ ইসহাক ফরিদী রহ. সংকলন (২য় অংশ) : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ২৪

মূল্য: ৩০.০০ টাকা মাত্র

উপমহাদেশের মুসলমানদের ঈমান ও দ্বীন রক্ষার দুর্গ কওমী মাদরাসা, যা দারুল উল্ম দেওবন্দ-এর শাখারূপে বিবেচিত হয়। এর পরিচিতি ও কর্মপরিধি এবং সমাজ ও জাতিগঠনে এর ভূমিকা ও তার প্রয়োজনীয়তার সংক্ষিপ্ত

বিবরণ সম্বলিত পুস্তিকা। যা পাঠ করলে মাদরাসাবিরোধী অপপ্রচারের স্বরূপ ও মাদরাসার প্রয়োজনীয়তা যথাযথভাবে উপলব্ধি করা যাবে। ইনশাআল্লাহ্।

দু'আ কবূল করানোর উপায়

হযরতওয়ালা ফুলপুরী রহ. বলেন : হযরত শাহ ফযলে রহমান ছাহেব গঞ্জমুরাদাবাদী রহ. এর মালফ্যাতে আছে : "যে ব্যক্তি দু'আর মধ্যে সমস্ত ঈমানদার নারী-পুরুষকে শামিল করে নেয়, তাঁর দু'আ কবুল হয়ে যায়।"

আলহামদুলিল্লাহ! আমার অভ্যাসও এটাই যে, যখন আমি নিজের জন্য দু'আ করি তখন বিশ্বের সমস্ত মুসলমানের জন্যও দু'আ করি। (মালফ্যাতে ফুলপুরী রহ. : ১৬২)

যিলহজ্ব মাস সম্মানিত চার মাসের অন্যতম। এ মাসের সাথে মহান দুটি ইবাদত সম্পৃক্ত। তার একটি হলো হজ্জ আর অপরটি কুরবানী। হজ্জের সময় ও স্থান নির্ধারিত। সে সময় ও স্থান ব্যতীত হজ্জ হয় না। কুরবানীর জন্য যদিও কোনো স্থান নির্ধারিত নয়, কিন্তু সময় নির্ধারিত। এ সময় ব্যতীত অন্য সময় কুরবানী হয় না।

কুরবানীর দিনগুলোতে কুরবানীর চেয়ে শ্রেষ্ঠ কোনো আমল নেই, কিন্তু কুরবানীর সওয়াব তখনই লাভ হবে যখন তা ইখলাসের সাথে মাসয়ালা মোতাবেক সম্পাদন করা হবে।

এজন্য কুরবানীদাতার এ বিষয়ক মাসয়ালা মাসায়েল ভালোভাবে জেনে নেওয়া অত্যন্ত জরুরি। কুরবানীর প্রয়োজনীয় ফাযায়েল ও মাসায়েলই এ কিতাবেই সুন্দরভাবে বর্ণনা করা হয়েছে।



সুদ: পরিষ্কার বিদ্রোহ

আর কতদিন আল্লাহ ও তাঁর রাসূলের সাথে যুদ্ধ?

মূল: মুফতী আযম মুফতী মুহাম্মাদ শফী রহ. ও শাইখল ইসলাম মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

সংকলন ও অনুবাদসম্পাদনা : মাওলানা মুহাম্মাদ হাবীবুর রহমান খান

পৃষ্ঠা : ১২৮

মূল্য: ১৪০ টাকা মাত্র

যে ব্যক্তিই কোনো মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেছে সে এতটুকু কথা অবশ্যই জানে যে, ইসলামী শরী'আতে সুদকে হারাম ঘোষণা করা হয়েছে। বরং এ কথা তো অনেক অমুসলিমও জানে। এ কথাও অনেকের জানা আছে যে, সুদের প্রচলন পৃথিবীতে নতুন নয়। ইসলামপূর্ব জাহিলিয়াতেও এর প্রচলন ছিল। মক্কার কাফেরদের মধ্যে যেমন এর প্রচলন ছিল, মদীনার ইয়াহুদীদের মধ্যেও এর ব্যাপক রেওয়াজ ছিল। তারা কেবল ব্যক্তিগত ও দৈনন্দিন প্রয়োজন মেটানোর জন্যই যে সুদী লেনদেন করত তা-ই নয় বরং বাণিজ্যিক উদ্দেশ্যেও সুদের লেনদেন হতো। তবে বিগত দু-শতাব্দীতে যে বিষয়টি নতুনরূপে সামনে এসেছে তা হলো, ইংরেজ বেনিয়ারা যখন পৃথিবীজুড়ে ক্ষমতা দখল করল, তখন তারা নতুন নতুন প্রক্রিয়ায় সুদখোর

মহাজন ও ইয়াহুদীদের প্রবর্তিত সুদী কার্বারের এমন ব্যাপক প্রচলন ঘটাল যে, তার ঘূর্ণাবর্তে পড়ে মানুষের বিচার-বুদ্ধি খেই হারিয়ে ফেলল। ক্রমে তার চিন্তা-ভাবনা উল্টোমুখে ধাবিত হতে থাকল। পরিশেষে তা এ পর্যন্ত গড়াল যে, আজ পৃথিবীতে সুদী ব্যবস্থাকেই ব্যবসা-বাণিজ্য, অর্থনীতি ও জীবন-জীবিকার মেরুদণ্ড মনে করা হচ্ছে। ইসলামী শরীয়তে অনেক জিনিসই হারাম। কিন্তু সুদ সম্পর্কে আল্লাহ পাক কুরআনুল কারীমে যে কঠোর ধমকি ও সাবধান-বাণী নাঘিল করেছেন যে, [তোমরা যদি সুদ পরিত্যাগ না করো, তাহলে আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ হতে যুদ্ধের ঘোষণা শুনে নাও। -সূরা বাকরা: ২৭৯] এমন ধমকি অন্য কোনো গোনাহ সম্পর্কে নাঘিল করেননি। ইসলামের ভারসাম্যপূর্ণ সুদবিহীন আদর্শ ও বরকতময় ইনসাফভিত্তিক সুসম অর্থনীতির বাস্তবায়ন ও তার সুফল তখনই লাভ হবে, যখন বৃহৎ ব্যবসায়ীদের উল্লেখযোগ্য একটি সংখ্যা সুদের ধর্মীয় এবং জাগতিক, চারিত্রিক এবং আর্থিক ধ্বংসলীলা ভালোভাবে অনুধাবন করে এ থেকে মুক্তির জন্য আন্তরিকভাবে প্রস্তুত হবে এবং ক্ষমতাধর কোনো শাসক তার রাষ্ট্রযন্ত্রের সকল সামর্থ্য ও ক্ষমতা দিয়ে তাদের পৃষ্ঠপোষকতা করবে। এ চেষ্টারই অংশ হিসেবে এ পুস্তক সংকলন করা হয়েছে। আমাদের জীবন-জীবিকাকে সুদের অভিশাপমুক্ত রাখার জন্য এ কিতাব সকলের পাঠ করা উচিত।

পেটের ভেতর সাপ

(তরজমা) রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: মি'রাজের রাতে যখন আমরা সপ্তম আকাশে পৌঁছলাম, তখন আমি উপরে বজ্র ও বিদ্যুৎ দেখলাম। এরপর আমরা এমন এক সম্প্রদায়ের কাছ দিয়ে গেলাম, যাদের পেট একেকটি ঘরের ন্যায় ফোলা ও বিস্তৃত ছিল। তাদের উদর সর্প দারা ভর্তি ছিল। সর্পগুলো বাইরে থেকেই দৃষ্টিগোচর হচ্ছিল। আমি জিবরাইল (আ.)-কে জিজ্ঞেস করলাম, এরা কারা? তিনি বললেন, এরা সুদখোর। (মুসনাদে আহমাদ: ২:৩৫৩)





কিসরার মুকুট


(সাহাবা জীবনের আলোকময় কাহিনী)

সংকলন: মাওলানা নাসীম আরাফাত

পৃষ্ঠা : ১১২

মূল্য: ১০০.০০ টাকা মাত্র

মুসলমানের জন্য আদর্শ মানবগোষ্ঠী হযরত সাহাবায়ে কেরামের জীবনে সংঘটিত হওয়া বিস্ময়কর ২৯টি শিক্ষণীয় ঘটনার অপূর্ব সংকলন। এ কিতাব সকলের ঈমানকেই মজবুত করে আমলের পথে অগ্রসর হওয়ার জন্য সহায়ক হবে ইনশাআল্লাহ।



কুরআন ও হাদীসের আলোকে

ঈদে মীলাদুন্নবী সা. ও প্রচলিত মীলাদ


সংকলন: মাওলানা নাসীম আরাফাত

পষ্ঠা : ১৬

মূল্য: ২০.০০ টাকা মাত্র

